ঋণ পরিভোগ—"সীলতো সপচ্ছবেক্খিত্বা পরিভোগো ইন পরিভোগো নাম।" * শীলবান ভিক্ষু শ্রামনের চতুর্ব্বিধ প্রত্যয় প্রত্যবেক্ষণ না করিয়া পরিভোগ করিলে তাহাকে ঋণ পরিভোগ বলে।

দায়াদ পরিভোগ—সত্তান্নং সেখানং পচ্চয় পরিভোগো দায়জ্জ পরিভোগো নাম। * সোতাপত্তি মার্গস্থ, ফলস্থ, সকৃদাগামী মার্গস্থ ফলস্থ অনাগামী মার্গস্থু ফলস্থ এবং অরহত মার্গস্থ এই সাতজন শৈক্ষপুদ্‌গল কর্তৃক ভগবদোক্ত চতুর্ব্বিধ প্রত্যয় উত্তরাধিকারী সূত্রে পরিভোগ করাকে দায়াদ পরিভোগ বলে। সাতজন শৈক্ষ পুদ্‌গলের মধ্যে কল্যাণ পৃথগজন ও সংগৃহীত হইয়াছে। সেই কল্যাণ পৃথগজন শৈক্ষের পরিভোগো অঋণ পরিভোগ নামে কথিত হয়। অঋণ পরিভোগো ও দায়াদ পরিভোগের মধ্যে গণ্য। শীলবান ভিক্ষুর চতুর্ব্বিধ প্রত্যয় প্রত্যবেক্ষণ করিয়া পরিতোগ অঋণ পরিভোগ বলিয়া কথিত হয়। *

স্বামী পরিভোগ—খীনাসবানং পরিভোগো সামী পরিভোগো নাম। তেহি তন্‌হাদাসব্যং অধিকত্তা সামীনো হুত্বা পরিভূজন্তি * —অরহত দিগের পরিভোগকে মালীক হইয়া পরিভোগের তুল্য বলিয়া স্বামী পরিভোগ বলে। অথবা সেই অরহত গণ তৃষ্ণারূপ দায়ত্বকে অতিক্রম করতঃ স্বামী হইয়া পরিভোগ করেন বলিয়া তাঁহাদের পরিভোগকে স্বামী পরিভোগ বলে।

## অপর চতুর্ব্বিধ পরিভোগ

লজ্জি পরিভোগ—অলজ্জি পরিভোগ, ধর্ম্মীয় পরিভোগ এবং অধর্ম্মীয় পরিভোগ ভেদে অন্য চারি প্রকার পরিভোগ আছে।

লজ্জি পরিভোগ—সঞ্চিচ্চ আপত্তিং না পজ্জতি আপত্তিংন পরিগুয্হতি অগতি গমনঞ্চ ন গচ্ছতি এদিসো বুচ্চতি লজ্জিপুগ্গলো।* যে ব্যক্তি সজ্ঞানে আপত্তি প্রাপ্ত হয় না,আপত্তি গোপন করে না এবং দ্বেষ, ভয় ও মোহ বশতঃ কোন কাজ না করে তাহাকে লজ্জি পুদ্গল বলে। তাহার সহিত আমিষ পরিভোগ ( একত্রে আহার ) এবং ধর্মসম্বন্ধীয় পরিভোগ করাকে লজ্জি পরিভোগ বলে।

অলজ্জি পরিভোগ সঞ্চিচ্চ আপত্তিং আপজ্জতি, আপত্তিং পারিগূয়হতি, অগতি গমনঞ্চ গচ্ছতি এদিসো বুচ্চতি অলজ্জি-পুগ্গলো * যে সজ্ঞানে আপত্তি প্রাপ্ত হয় আপত্তি গোপন করে এবং লোভ দ্বেষ, মোহ এবং ভয় বশতঃ কোন কাজ করে তাহাকে অলজ্জি পুদ্গল বলে তাহার সহিত আমিষ পরিভোগ এবং ধর্মসম্বন্ধীয় পরিভোগ করাকে অলজ্জি পরিভোগ বলে।

---

* সমন্ত পাসাদিকা। * পরিবার। * পরিবার।

ধর্ম্মীয় পরিভোগ—ধম্ময়োতি ভিক্খাচারিয়াদীহি উপ্পন্নো।* ভিক্ষাদ্বারা প্রাপ্ত প্রত্যয় পরিভোগ করাকে ধর্ম্মীয় পরিভোগ বলে।

অধর্ম্মীয় পরিভোগ—অধম্মিয়োতি অনেসনাদীহি উপ্পন্নো।* অধর্মদ্বারা অন্বেষণ করিয়া প্রাপ্ত প্রত্যয় পরিভোগ করাকে অধর্মীয় পরিভোগ বলে। তদ্ধেতু বিনয়ালঙ্কার টীকায় উক্ত হইয়াছে,—"ধম্মিয়াধম্মিয় পরিভোগো পচ্চয় বসেনেব বেদি-তব্বো"—ধর্মিয়াধর্মিয় পরিভোগ প্রত্যয় ভেদে জানিবে। "আদিতো পট্‌ঠার অলজ্জি নাম নত্থি"। * অর্থাৎ প্রথম হইতেই অলজ্জি বলিয়া কেহ নাই। 'আদিতো পট্‌ঠায় অলজ্জি নাম নত্থীতি—ইমিনা দিট্‌ঠ দিটে্‌ঠসু আসঙ্কানাম কতেব্বা। *—অর্থাৎ প্রথম হইতেই অলজ্জি বলিয়া কেহ নাই এই বাক্য দ্বারা বুঝা যাইতেছে দৃষ্ট দৃষ্ট স্থানে অন্বেষণ করা অনুচিত। দর্শন শ্রবনের কারণ থাকিলেই অন্বেষণ করিতে পারে। "অত্তনো ভারভূত সদ্ধি বিহারিকাদায়ো সন্তি তেপি নিবারেতব্বাতি দট্‌ঠব্বা।" * অর্থাৎ নিজের আশ্রিত সহবাসী শিষ্য থাকিলে তাহাদিগকেও নিবারন করিবে।

---

* বিনয়ালঙ্কার টীকা, * বিনয়ালঙ্কার টীকা, * পাঃ সং বিঃ বিঃ সঃ, * বিনয়ালঙ্কার টীকা, * বিনয়ালঙ্কার টীকা।

## শীল

প্রাতিমোক্ষ সম্বরন শীল, ইন্দ্রিস সম্বরন শীল, আজীব সম্বরন শীল এবং প্রত্যয় সংমিশ্রিত শীল ভেদে শীল চতুর্ব্বিধ।

সেই চতুর্ব্বিধ শীলের মধ্যে পারাজিকা, সংঘাদিশেষ, স্থূলাত্যয় প্রায়শ্চিত্ত, প্রতিদেশনীয়, দুস্কৃত এবং দুর্ভাষিত এই সাত প্রকার আপত্তি সম্বরনকে প্রাতিমোক্ষ সম্বরন শীল বলে।

চক্ষুন্দ্রিয়, শ্রোত্রেন্দ্রিয়, ঘ্রানেন্দ্রিয়, জিবেহন্দ্রিয় কায়েন্দ্রিয় এবং মনেন্দ্রিয় প্রভৃতি এই ছয়বিধ ইন্দ্রিয় সম্বরনকে ইন্দ্রিয় সম্বরন শীল বলে। ভগবৎ নিষিদ্ধ প্রনালীতে অন্বেষণ, কুল-দুষক, কুহন, লপণ, বঞ্চন, মিথ্যাগুন বর্ণনা, রৌপ্য ব্যবহার এবং ক্রয় বিক্রয়াদি দ্বারা উৎপন্ন আমিষ প্রত্যয়ের লাভ দুর হইতে পরিত্যাগ করতঃ ভগবান ভিক্ষুগণকে যাহা পরিভোগ করিতে অনুমতি দিয়াছেন সেই ধর্ম্মলব্ধ প্রত্যায়াদিদ্বারা জীবন ধারন করাকে আজীব সম্বরন শীল কহে। ভগবদোক্ত চীবর পিণ্ডপাত, শয়নাসন এবং ঔষধ প্রভৃতি চতুর্ব্বিধ প্রত্যয় পরিভোগ কালীন প্রত্যবেক্ষন করিয়া পরিভোগ করাকে প্রত্যয়সংমিশ্রিত শীল কহে।

## শুদ্ধি

দেশনাশুদ্ধি, সম্বর শুদ্ধি, পযোষন শুদ্ধি, এবং প্রত্যবেক্ষন

শুদ্ধি ভেদে শুদ্ধি চারিপ্রকার।

দেশনা শুদ্ধি—তত্থ দেশনা শুদ্ধি নাম—"পাতিমোক্ষ সংবর শীলং তং হি দেসনায় সুজঝনতো দেসনা সুদ্ধীতি বুচ্চতি।" অর্থাৎ উক্ত চতুর্ব্বিধ শুদ্ধির মধ্যে প্রাতিমোক্ষ সম্বর শীলকে দেশনা শুদ্ধি কহে। তাহা দেশনা দ্বারা শুদ্ধ হয় বলিয়া দেশনা শুদ্ধি নামে কথিত হয়। পরিবাস, মানত্ব এবং আব্হান কর্মদ্বারা সংঘাদিশেষাপত্তি শুদ্ধ হয় বলিয়া তাহা দেশনা শুদ্ধি নামে কথিত হয়। 'বুট্ঠানাস্সপিচ এত্থ দেশনায় এব সংগহো দট্ঠব্বো, *—অর্থাৎ উত্তানগামী সংঘাদিশেষাপত্তি ও দেশনা শুদ্ধিতে গণ্য। 'ছিন্ন মূলাপত্তীনং পন অভিক্খুকা পটিঞায়েব দেসনা সুদ্ধি' * অর্থাৎ অভিক্ষু বলিয়া প্রতিজ্ঞাদ্বারা পাররাজিকা প্রাপ্ত ব্যক্তি ও দেশনা শুদ্ধিতে গণ্য হয়।

সম্বর শুদ্ধি—সংবর সুদ্ধি নাম "ইন্দ্রির সংবর সীলং তং হি নপুনেবং করিস্সামীতি চিত্তাধিটঠান সংবরে নেব সজ্ঝনতো সংবর সুদ্ধীতি বুচ্চতি। * অর্থাৎ ইন্দ্রিয় সংবর শীলকে সম্বর শুদ্ধি কহে। তাহা পুনঃ 'আমি এইরূপ করিব না বলিয়া চিত্তাধিষ্ঠান সম্বর দ্বারা শুদ্ধ হয় বলিয়া তাহাকে সম্বর শুদ্ধি কহে।

---

* খদ্ধাসিক্খা টীকা, * খদ্ধাসিক্খা টীকা, * বিনয়ালঙ্কার টীকা, * খদ্ধাসিক্খা।

পর্য্যেষন শুদ্ধি—"আজীব পরিসুদ্ধি সীলং তং হি অনেসনং পহায় ধম্মেন সমেন পচ্চয়ে উপ্পাদেন্তস্স পরিয়েসনায় সুদ্ধত্তা পরিয়োটি্ঠ সুদ্ধীতি বুচ্চতি' * অর্থাৎ আজীব পরিশুদ্ধি শীল অন্বেষণ শুদ্ধ বলিয়া তাহাকে পর্য্যেষন শুদ্ধি বলে।

প্রত্যবেক্ষন শুদ্ধি—"পচ্চয় পরিভোগ সন্নিস্সিত সীলং তং হি পটি সংখা য়োনিসো চীবরং পটিসেবামীতি" আদিনা নয়েন বুত্তেন পচ্চবেক্খনেন সুজ্ঝনতো পচ্চবেক্খন সুদ্ধীতি বুচ্চতি।' * অর্থাৎ প্রত্যয় সংমিশ্রিত শীলকে প্রত্যবেক্ষন শুদ্ধি কহে। তাহা 'পটিসংখা য়োনিসো চীবরং পটিসেবামীতি' ইত্যাদি নিয়মে প্রত্যবেক্ষন দ্বারা শুদ্ধ হয় বলিয়া তাহা প্রত্যবেক্ষন শুদ্ধি নামে কথিত হয়।

প্রত্যবেক্ষন করিবার সময় চীবরং পরিভোগে পরিভোগে "পচ্চবেক্খিতব্বং"—অর্থাৎ চীবর যতবার পরিভোগ করিবে ততবার প্রত্যবেক্ষণ করিতে হইবে। —"পিণ্ডপাতো আলোপে আলোপে পচ্চবেক্খিতব্বং" অর্থাৎ পিণ্ডপাত গ্রাসে গ্রাসে প্রত্যবেক্ষন করিতে হইবে। সেনাসনং পরিভোগে পরিভোগে "পচ্চবেক্খিতব্বং"—অর্থাৎ শয়নাসন যতবার পরিভোগ করিবে ততবার প্রত্যবেক্ষণ করিতে হইবে। 'গিলান

* খুদ্দাসকখা টীকা * বিনয়লঙ্কার টীকা * খুদ্দাসকখা টীকা।

প্রত্যয় "পরিভোগে" কারোন্তস্স অনাপত্তি'—অর্থাৎ ঔষধ পরিভোগ কালীন প্রত্যবেক্ষণ করিলে আপত্তি হয় না।

## চীবর

সংঘাটি, উত্তরাসঙ্গ, অন্তর্বাস, বর্ষিক সাটিক (কষাকালের স্নান বস্ত্র), বসিবার কাপড়, প্রত্যাস্ত্‌রন, গণ্ডপ্রতিচ্ছাদক (ব্রণ ঢাকিবার কাপড়), মুখ মুছনি এবং পরিক্‌খার চোল, চীবর মোট এই নয় খানা।

* খুদ্দসিক্‌খা টীকা।

## চীবরাধিষ্ঠান বিধি

ত্রিচীবরাধিষ্ঠান, পরিষ্কার চোলাধিষ্ঠান, অদ্ধদ্বারা অধিষ্ঠান, বাক্যদ্বারা অধিষ্ঠান, সমীপে অধিষ্ঠান, দূরে অধিষ্ঠান একখানা, অধিষ্ঠান এবং অনেক খানা অধিষ্ঠান ভেদে অধিষ্ঠান বিধি আট প্রকার সেই আট প্রকারের মধ্যে ত্রিচীববাধিষ্ঠান বিধি এইরূপ।—"ইমং সংঘাটিং অধিট্‌ঠামীতি" আদিনা নামং বত্বা অধিট্‌ঠাতবং * অর্থাৎ ত্রিচীবর ধারী ভিক্ষু সংঘাটি অধিষ্ঠান করিবার সময় ইমং সংঘাটিং অধিট্‌ঠামী' উত্তরাসঙ্গ হইলে 'ইমং উত্তরাসঙ্গং অধিট্‌ঠামী, অন্তর্বাস হইলে 'ইমং অন্তরবাসকং অধিট্‌ঠামী বলিয়া অধিষ্ঠান করিবে। ইহাকে ত্রিচীবরাধিষ্ঠান কহে।

অধিষ্ঠান যোগ্য চীবরের প্রমান—'তস্সেব পমানং উক্কট্ঠ্য পরিচ্ছেদেন সুগত চীবরতো উনকং বট্ঠতি, নামক পরিচ্ছে-দেন পন সংঘাটিয়া উত্তর সংঘাস্স চ দীঘতো মুট্ঠি পঞ্চকং তীরিয়ং মুট্ঠিত্তিক পমানং বট্ঠতি, অন্তর বাসকো দীঘতো মুট্ঠি পঞ্চকো তীরিয়ং দ্বি হত্থোপি বট্ঠতি'। * অর্থাৎ বৃহৎ চীবর হইলে বুদ্ধের চীবর অপেক্ষা ক্ষুদ্র, ছোট চীবর হইলে সংঘাটি ও উত্তরাসংঘ দৈর্ঘে পাঁচ হাত, প্রস্থে তিন হাত, অন্তর্বাস দৈর্ঘে পাঁচ হাত, প্রস্থে দুই হাত, নিম্ন আড়াই হাত করিতে হইবে। ইহার চেয়ে ছোট চীবর অধিষ্ঠান প্রাপ্ত হয় না। পঞ্চমাষ্টি—'চতুহত্থেন মিনিত্বা পঞ্চমং হত্থং মুট্ঠি কত্বা মিনিতব্বংতি অধিপ্পয়ো'—* অর্থাৎ চারিহাত হস্তদ্বারা মাপিয়া পঞ্চম হস্ত মুষ্টি দ্বারা মাপিবে। 'দ্বি হত্থোপি' শব্দের পিশব্দের দ্বারা আড়াই হাত বুঝাইতেছে।

বুদ্ধের চীবর প্রমান—'তত্রিদং সুগতস্স সুগত চীবর পমানং দীঘতো নব বিদাত্থিয়ো সুগত বিদাত্থিয়া তীরিয়ং ছ বিদত্থিয়ো ইদং সুগতস্স সুগত চীবর পমানন্তি।'—*অর্থাৎ দৈর্ঘে বুদ্ধের বিদস্থিতে নয় বিদস্থি, প্রস্থে ছয় বিদস্থি। ইহাই ভগবানের চীবরের প্রমাণ।

পরিষ্কার চোল অধিষ্ঠান—'বিকপ্পনুপগ পচ্ছিম চীবর

* সমন্ত পাসাদিকা, * পাঃ মূঃ বিঃ বিঃ সঃ।

পমানং পরিক্ষার চোলন্তি অধিট্ঠাতব্বং' * অর্থাৎ বিকপ্পন যোগ্য অন্তিম চীবর "পরিক্খার চোলং" বলিয়া অধিষ্ঠান করিবে। বিকপ্পনুপগ পচ্ছিম চীবর পমানং নাম সুগতাঙ্গুলেন দীঘতো অট্ঠঙ্গুলং হোতি, তীরিয়ং চতুরাঙ্গুলং, বড্ঢকিহত্থেন একহত্থং হোতি তিরিয়তো বিদত্থি পনামং, ইদানি পকতি হত্থেন পন দীঘতো বিদত্থাধিক হত্থং হোতি তিরিয়তো ছলঙ্গুলংধিক বিদত্থি পমানং তেনাহ তস্স পমানন্তি আদি'। *—অর্থাৎ বিকপ্পন যোগ্য অন্তিম চীববের প্রমাণ বুদ্ধের অঙ্গুলীতে দৈর্ঘে আট আঙ্গুল, প্রস্থে চারি অঙ্গুল। বৰ্দ্ধকীর (সূতার) হাতে দৈর্ঘে একহাত প্রস্থে এক বিদস্থি। বর্ত্তমানের সাধারণ মানবের হাতে দৈর্ঘে দেড় হাত প্রস্থে চতুর্দ্দশ আঙ্গুল।

পরিক্ষার চোল অধিষ্ঠান কামী ভিক্ষু এক খানা হইলে ইমং পরিক্খার চোল অধিট্ঠামী বেশী হইলে 'ইমানি পরিক্খার চোলানি অধিট্ঠামী' বলিয়া আড়াই হাতের মধ্যে কাপড খানা রাখিয়া অধিষ্ঠান করিবে। ইহাকে সমীপ অধিষ্ঠান কহে। আড়াই হাতের বহিঃস্থিতি একখানা চীবর বা কাপড় অধিষ্ঠান করিলে 'এতং চীবরং পরিক্খার চোলং অধিট্ঠামী' বেশী হইলে 'এতানি চীবরাণি পরিক্খার চোলানি অধিট্ঠামী' বলিয়া অধিষ্ঠান করিবে। ইহাকে দূর অধিষ্ঠান কহে।

---

* বিনয়ালঙ্কার টীকা * পাতিমোক্খং * পাঃ মুঃ বিঃ বিঃ অঃ, বিনয়ালঙ্কার টীকা।

'নবং সংঘাটিং হত্থেন গহেত্বা 'ইমং সংঘাটি অধিট্‌ঠামীতি চিত্তেন আভোগং কত্বা কায় বিকারং কারোন্তেন কায়েন অধিট্‌ঠাতব্বং ইদং কায়েন অধিট্‌ঠানং তং যেন কেনচি সরিরাবয়েন অফুসন্তস্স ন বট্‌ঠতি' * অর্থাৎ নূতন সংঘাটি হস্তে ধরিয়া 'ইমং সংঘাটিং অধিট্‌ঠামী' বলিয়া চিত্তে ধারণা করতঃ অঙ্গ চালনা দ্বারা অধিষ্ঠান করাকে কায়াধিষ্ঠান কহে। চীবর কোন একটা অঙ্গদ্বারা স্পর্শ না করিলে অধিষ্ঠান হয় না। 'বাচায় অধিট্‌ঠানে পন বচীভেদং কত্বা বাচায় অধিট্‌ঠাতব্বো' * অর্থাৎ বাক্যদ্বারা অধিষ্ঠান করিতে হইলে বাক্য ভেদ করিয়া অধিষ্ঠান করিবে। ইহাকে বাক্যাধিষ্ঠান কহে।

## পাত্রাধিষ্ঠান

কায়াধিষ্ঠান, বাক্যধিষ্ঠান, সমীপে অধিষ্ঠান এবং দূরে অধিষ্ঠান ভেদে পাত্রাধিষ্ঠান বিধি চারি প্রকার।

হস্তদ্বারা পাত্র ধরিয়া 'ইমং পত্তং অধিট্‌টামী' বলিয়া মনে ধারনা করতঃ অধিষ্ঠান করাকে কায়াধিষ্ঠান কহে।

বাক্যদ্বারা 'ইমং পত্তং অধিট্‌টামী' বলিয়া অধিষ্ঠান করাকে বাক্যাধিষ্ঠান কহে।

---

* কঙ্খাবিতরণী * কঙ্খাবিতরণী।

কাছে রাখিয়া 'ইমং পত্তং অধিট্‌ঠামী' বলিয়া অধিষ্ঠান করিলে সমীপে অধিষ্ঠান নামে কথিত হয়।

আড়াই হাতের বাহিরে রাখিয়া অধিষ্ঠান করিলে এতং পত্তং অধিট্‌ঠামী বলিয়া অধিষ্ঠান করা দূরে অধিষ্ঠান নামে কথিত হয়।

## বিকপ্‌পন

'সম্মুখা পরম্মুখ দুবে বুত্তা বিকপ্পনা' * সম্মুখ ও পরোক্ষভেদে বিকপ্পন দুই প্রকার।

উক্ত দুই প্রকারের মধ্যে 'চীরবানং এক বহু ভাবং সন্নিহিতা সন্নিহিত ভাবঞ্চ ঞত্বা ইমং চীবরান্তি বা ইমানি চীবরানিতি বা, এতং চীবরংতি বা, এতানি চীবরানি তি বা বত্বা তুয়হং বিকপ্পেমীতি বত্তব্বং' *—চীবরের এক বহুত্ব সমীপত্ব এবং দূরত্ব মনে ধারনা করতঃ কাহারও নিকট উপস্থিত হইয়া 'ইমং চীবরং, ইমানি চীবরানি, এতং চীবরং, এতানি চীবরানি তুয়হং বিকপ্পেমি, বলিয়া বিকপ্পন করিবে। বিকপ্পন করিবার পর বিকপ্পন গ্রহণ কারী ভিক্ষু প্রত্যুদ্ধার না করিলে বিকপ্পন কারী ভিক্ষু চীবর পরিভোগ করিতে পারে না, রক্ষা করিতে পারে মাত্র। * বিকপ্পন গ্রহণকারী ভিক্ষু 'ময়হং

* খুদ্দসিক্‌খা, * খুদ্দসিক্‌খা।

সন্তকং পরিভূঞ্জুহি বা বিস্সজ্জেহি বা যথা পচ্চয়ং করোহি' বলিয়া প্রত্যুদ্ধার করিবে। বিকপ্পন গ্রহণকারী প্রত্যুদ্ধার করিবার পর বিকপ্পন কারী ভিক্ষু পরিভোগাদি করিতে পারে। *

হস্ত পার্শ্ব—আড়াই হাতের অভ্যন্তর ভাগ হস্ত পার্শ্ব নামে কথিত হয়।

সমীপ বিকপ্পন—আড়াই হাতের ভিতর ভাগ সমীপ বলিয়া মনে ধারণা করতঃ 'ইমং চীবরং, ইমানি চীবরানি তুয়হং বিকপ্পেমি' বলিয়া বিকপ্পন (বিনামা) করাকে সমীপ বিকপ্পন কহে।

দূর বিকপ্পন—আড়াই হাতের বহির্ভাগ দূর বলিয়া মনে ধারণা করতঃ 'এতং চীবরং, এতানি চীবরানি তয়হং বিকপ্পেমি' বলিয়া বিকপ্পন করাকে দূর বিকপ্পন বলে।

বিকপ্পিত চীবর প্রত্যুদ্ধার না করিয়া অন্যকে দান করিলে বা যথেচ্ছা করিলে দুষ্কৃত আপত্তি, নিজে পরিভোগ করিলে প্রায়শ্চিত্ত আপত্তি হয়। * 'তদ্ধেতু বিকপ্পনন্তরমেব পচ্চুদ্ধারো কাতব্বো' *—বিকপ্পনের পরক্ষনেই প্রত্যুদ্ধার করিবে। প্রত্যুদ্ধার পরিবার পর ও অধিষ্ঠান করিয়াই চীবর পরিভোগ করিতে হয়।

---

* এত্তাবতা নিধেতুং বা কপ্পতি নচ কপ্পতি পরিভোগদিংতেন অপচ্চুকৃতভাবাপ খুদ্দসিক্খা * য়ো পন ভিক্ষু ভিক্খুস্সা।

বিকপ্পনযোগ্য চীবরের প্রমান—অনুজানামি ভিক্খাবে আয়মেন অটঠুঙ্গলং সুগতাঙ্গুলেন চতুরাঙ্গুলং বিত্থতং পচ্চিম চীবরং বিকপ্পেতুং। ❋—দৈর্ঘে সুগত আঙ্গুলে আট আঙ্গুল, প্রস্থে চারি আঙ্গুল পরিমাণ চীবর ও বিকপ্পন করিবে। সুগতের এক আঙ্গুলে সূতারের তিন আঙ্গুল, সাধারণ মানুষের সাড়ে তিন আঙ্গুল হয়। দৈর্ঘে সূতারের একহাত প্রস্থে এক বিদস্থী, সাধারণ মনুষ্যের হাতে দৈর্ঘে দেড় হাত প্রস্থে চতুদ্দর্শ আঙ্গুল প্রমাণ ছোট চীবর ও বিকপ্পন করিতে হইবে। তাহার চেয়ে বৃহৎ হইলে কথাই নাই। ইহা সম্মুখ বিকপ্পন বলিয়া কথিত হয়।

পরাম্মুখ বিকপ্পন—একজন ভিক্ষুর নিকট উপস্থিত হইয়া 'ইমং চীবরং তুয়হং বিকপ্পনত্থায় দমিহ্ বলিয়া দিবে। সেই ভিক্ষুও 'ইমং চীবরং তিস্সস্স ভিক্ষুনো দমিহ্' বলিয়া বিকপ্পন করিবে। বিকপ্পনের পর বিকপ্পন গ্রহণকারী ভিক্ষু 'তিস্স ভিক্ষুনো সন্তকং পরিভুঞ্জ বা বিস্সজ্জোহি বা যথাপচ্চয়ং করোহি বলিয়া প্রত্যুদ্ধার করিবে। ইহাকে পরাম্মুখ বিকপ্পন কহে।

---

বা ভিক্ষুনীয়া বা সিক্খামানায় বা সামনেরস্স বা সামনেরিয়া বা সামং চীবরং বিকপ্পেত্বা অপচ্চুদ্ধতং পরিভুঞ্জেয্য পাচিত্তিয়ং। —পাতিমোক্খং।

❋ তেন পচ্চুদ্ধতে যেব পারিভোগাদি কপ্পতি, খুদ্দসিক্খা।

❋ পাঃ সুঃ বিঃ বিঃ সঃ, ❋ মহাবগ্গো।

## সম্মুখ এবং পরোক্ষ বিকপ্পনে প্রভেদ

দ্বিন্নং বিকপ্পনানং নানা কারনং সম্মুখ বিকপ্পনায়ং সয়ং বিকপ্পনায় পরেন পচ্চুদ্ধার পেতি। পরাম্মুখ বিকপ্পনায়ং পরেনেব বিকপ্পনায় পরেনেব পচ্চুদ্ধারাপেতি ইর্দমেত্থ নানা কারনং * সম্মুখ বিকপ্পনে স্বয়ং বিকপ্পন করিয়া অন্যদ্বারা প্রত্যুদ্ধার করায়। পরাম্মুখ বিকপ্পনে অন্যদ্বারা বিকপ্পন করাইয়া অন্যদ্বারা প্রত্যুদ্ধার করায়। ইহাই বিকপ্পন দ্বয়ের প্রভেদ।

পাত্র হইলে 'ইমং পত্তং, ইমানি পত্তানি, এতং পত্তং এতানি পত্তানি তুয়হং বিকপ্পেমি' বলিয়া বিকপ্পন করিবে। অল্প, বেশী, সমীপ, দূর বিকপ্পন পূর্ব্বোক্ত নিয়মে জানিবে।

## চীবর অধিষ্ঠান ত্যাগের কারণ

অঞ্ঞস্স দানেন অচ্ছিন্দিত্বা গহনেন, বিস্সাস গহনেনা, হীনয় বত্তনেনা। *—সিক্খা পচ্চক্খনেন, কালং কিরিয়ায়, খিদং পরিবত্তনেনা। —পচ্চুদ্ধারনেন, ছিদ্দ ভাবেন তি ইমেহি কারনেই বিজহতীতি। তত্থ পুরিমেহি অট্ঠাহি সব্ব চীবরানি অধিট্ঠানং বিজহন্তি, ছিদ্দভাবেন পন তিচীবরস্সেব সব্ব অট্ঠ কথাসু অধিট্ঠানং বিজহন্তং বুত্তং, *—অন্যকে দিলে, কেহ চুরি করিলে, বিশ্বস্ত ব্যক্তি না বলিয়া লইলে,

* কঙ্খাবিতরনী।

ভিক্ষুত্ব ত্যাগ করিলে, অধিশীল শিক্ষা পরিত্যাগ করিলে, মৃত্যু হইলে, লিঙ্গ পরিবর্ত্তন হইলে, প্রত্যুদ্ধারন করিলে এবং ছিদ্র হইলে ও অধিষ্ঠান ত্যাগ করেনা। কিন্তু অষ্টবিধ কারনে অধিষ্ঠান ত্যাগ করে।

## পাত্রাধিষ্ঠান ত্যাগের কারণ

অচ্ছেদদান গহেহি বিস্তমা মরনুদ্ধঠা
লিঙ্গ সিক্‌খাহি ছিদ্রেন পত্তো 'ধিট্‌ঠানমুচ্চতি। *

কেহ চুরি করিলে, অন্য:ক দিলে, বিশ্বাস পূর্ব্বক গ্রহণ করিলে, চীবর ত্যাগ করিলে, মারিলে, প্রত্যুদ্ধারণ করিলে, লিঙ্গ পরিবর্ত্তন হইলে, অধিশীল শিক্ষা ত্যাগ করিলে এবং ছিদ্র হইলে এই নয় বিধ কারণে পাত্রাধিষ্ঠান ত্যাগ করে।

## । দশটি পাত্র পরিভোগের নিয়ম ।

'সচে কোচি দসপত্তে লভিত্বা সব্বে পত্তা অত্তনাব পরি-ভুঞ্জিতুকামো হোতি ন সব্বে অধিট্‌ঠাতব্‌বা। একং পত্তং আধিট্‌ঠায় পুন দিবসে তং পচ্চুদ্ধরিত্বা অধিট্‌ঠাতবে,বা। এতেনেব উপায়েন বস্সসতংপি পরিহরিতুং সক্কা এবং অপ্‌প-মত্তস্স সিয়া' *—অদি কোন ভিক্ষু দশটি পাত্র পাইয়া সমস্ত

---

* কঙ্খাবিতরনী * খুদ্দাসকথা।

স্বয়ং পরিভোগ করিতে ইচ্ছা করে তাহা হইলে সমস্ত এক সঙ্গে অধিষ্ঠান করিবে না। সেই দশটির মধ্যে একটি অন্য অধিষ্ঠান করতঃ আগামীকল্য প্রাতে তাহা প্রত্যুদ্ধার করিয়া আর একটি অধিষ্ঠান করিয়া পরিভোগ করিবে। এই নিয়মে শতবর্ষ পরিভোগ করিতে পারে। এইরূপ অপ্রমত্ত ভিক্ষু একটি প্রত্যুদ্ধার করতঃ অন্য একটি অধিষ্ঠান করিয়া নির্ভুল ভাবে পরিভোগ করিবে। দিবস ভুল হইয়া পর দিবস গত হইলে অবশিষ্ট নয়টি পাত্র দশদিন অতীত হইয়া যায়। তদ্ধেতু ভিক্ষুর ''নিস্সগ্গিয়" আপত্তি হয়।

## ভোজন

ওদানো সত্থু কুমাসো মচ্ছো মংসঞ্চ ভোজনং *—ওদন, সত্তু, কুমাস, মাছ এবং মাংস ভেদে ভোজন এই পাঁচ প্রকার। উক্ত পাঁচ প্রকারের মধ্যে 'সত্তন্নমেসং ধঞ্ঞানং ওদনো ভোঞ্জযাগূচ' সাত প্রকার ধান্যদ্বারা প্রস্তুত ভোজকে ওদন বলে। 'সত্ত ধঞ্ঞময়ো সত্তু' সাত প্রকার দ্বারা প্রস্তুত পিষ্ঠককে 'সত্থু বলে। 'কুমাসো' যব সম্ভবো" যব দ্বারা প্রস্তুত পিষ্ঠককে কুমাস বলে। "মচ্ছোদিকসম্ভবো" জলজ প্রাণীকে মৎস্য কহে। "মংসোচ কপি্পয়ো"—মনুষ্য, সিংহ, ব্যাঘ্রাদি দশবিধ অকপ্পিয় মাংস ব্যতীত অবশিষ্ট মাংসকে

* কঙ্খাবিতরনী, * খুদ্দসিক্খা।

কপি্পয় মাংস বলে।

## পানীয়

অম্বপানং জম্বুপানং চোচ পানং মোচপানং মধুপানং মুদ্দিক পানং সামুক পানং ফারুসক পানন্তি ইমানি অট্ঠ পানানি' *—আমের পানীয়, জামের পানীয়, বনজ কদলীর পানীয়, দেশী কদলীর পানীয়, মধুর পানীয়, মুদ্রিকা (কিস্‌মস্‌) সলের পানীয়, শালুকের পানীয় এবং দাড়িম্বের পানীয় ভেদে পানীয় অষ্টবিধ।

## ধান্য

'সালি বাহি যব কঙ্গু রব গোধুম' * শালি, ব্রীহি, যব, কঙ্গুলী, কুদ্রুষ, মকাই এবং গোধূম ধান্য এই সাত প্রকার। শ্যামক আদি তৃন কুদ্রুসকে, পিড়িঙ্গ শাক মকাইতে এবং নীবোর শালিতে সংগৃহীত বলিয়া জানিবে। *

## প্রবারিত হইবার অঙ্গ পাঁচটি

* কঙ্খাবিতরনী, * খুদ্দসিক্‌খা, 'সামকাদি তিনং পুদ্রুসকে বরফ চোরকো ববস্তে সালিয়াঞ্চব নিবারে সঙ্গহং গতো'— খুদ্দসিক্‌খা, * খুদ্দসিক্‌খা।

'আসনং ভোজনঞ্চেব অভিহারো সমিপাগতো,
কায় বাচায় পটিক্খেপো পঞ্চ অঙ্গ পবারনা' * ।

অর্থাৎ ভোজনের আসন, পঞ্চবিধ ভোজ্যের মধ্যে যে কোন ভোজ্য, সম্মুখে আনা, হাতের ভিতরে উপস্থিত এবং কায় বাক্যদ্বারা বারণ করা। প্রবারিত হইবার অঙ্গ এই পাঁচটি। নিমন্ত্রিত ভিক্ষু আসন হইতে না উঠিয়া বিনয় ধরের নিকট 'অতিরিত্তং করোথ ভন্তে' বলিয়া অতিরিক্ত বিনয় কর্ম করিবে। 'বিনয় ধরও অলমেত্তং সব্বং' বলিয়া বলিবে। ইহাকে নিবারিত ভোজনের অতিরিক্ত বিনয় কর্ম বলে।

## প্রচ্ছিত করার নিয়ম

'দেবো বা মনুস্সো বা তিরচ্ছাননাতো বা কায়েন বা কায়ে পটিবদ্ধেন বা নিস্সগ্গিয়েন বদেতি' *—কোন দেবতা, মনুষ্য কিংবা তির্য্যগপ্রাণী কায়দ্বারা, কায়সংলগ্ন বস্তুদ্বারা, আড়াই হাতের ভিতর থাকিয়া ছুড়িয়া ফেলিয়া (নিস্সাগ্গয়েন) দিলে পচ্ছিত করা হয়। পচ্ছিত করার (গছাইয়া দেওয়ার) নিয়ম এই ত্রিবিধ।

## প্রতি গ্রহণের নিয়ম

'তঞ্চে ভিক্খু কায়েন বা পটিবদ্ধেন বা পটিগ্গনহতি'

কোন বস্তু যদি ভিক্ষু কায়দ্বারা বা কায় সংলগ্ন বস্তু দ্বারা প্রতিগ্রহণ করে তাহা হইলে প্রতি গ্রহণ করা হয়। প্রতি গ্রহণের নিয়ম এই দুই প্রকার উক্ত গচ্ছিত করা তিনটি এবং প্রতি গ্রহণ করা দুইটি মোট করিয়া 'পঞ্চ অঙ্গেহি পটিগ্গহনং রূহতি'—পঞ্চাঙ্গদ্বারা প্রতি গ্রহণ করা হয় বলিয়া জানিবে।

## প্রতি গ্রহণ করিবার অযোগ্য বস্তু

অসংহরে তত্থজাতে সুখুমং চীঞ্চ আদিনং
পন্নোচসযহ ভারেচ পটিগ্গহো ন রূহতি, *।

অর্থাৎ উঠাইতে পারে না এমন পাষান ফলকে, তথায় স্থিত পদ্ম পত্রাদিতে, ছোট তেঁতুল পাতায় এবং বলবান লোকও উঠাইতে পারে না এমন কোন একটা ভারি জিনিষে প্রতি গ্রহণ করিতে পারে না।

## প্রতি গ্রহণ উপবাস হইবার কারণ

'সিক্খামরন লিঙ্গেহি অনপেক্খ বিসগ্গতো
অচ্ছেদানু পসমন্নদান গহোপসম্মতি।' *

অধিশীল শিক্ষা ত্যাগ করিলে, মৃত্যু হইলে, লিঙ্গ পরিবর্তন হইলে পাইবার আশা না রাখিয়া ত্যাগ করিলে, কেহ চুরি

* পাচিত্যাদি অট্ঠকথা।

করিলে, গৃহি বা শ্রামনেরকে দিলে, এই ষড়বিধ কারণে প্রতিগ্রহণ উপশম হয়।

## প্রতি না করিয়া পরিভোগ্য বস্তু

'নির্ম্মল জল, অঙ্গ সংলগ্ন দন্তমল, চোখের মল, কর্ণমল, শরীর হইতে উৎপন্ন লবন, অশ্রু, নিষ্ঠীবক, শিকনি, শ্লেষ্মা, মুত্র এবং বিষ্ঠা প্রভৃতি প্রতি গ্রহণ না করিয়াও পরিভোগ করিতে পারে। *

গুথমত্তিকা যুত্তানি ছারিকঞ্চ তথাবিধে
সামং গহেত্বা সেবেপ্য অপন্তে কপ্পিয় কারকে। *

সর্প আদি দংশন করিলে বিষ্ঠা, মৃত্তিকা এবং জীবিত গাছ দগ্ধ ভষ্ম কপ্পিয় কারক না থাকিলে কিংবা অসমর্থ বা অবাধ্য হইলে স্বয়ং লইয়া সেবন করিবে। 'অসন্তে কপ্পিয় কারকোতি এত্থ দুব্বচোপি অসমত্থোপি কপ্পিয় কারকো সন্তেপি পেক্খয়েব তিট্ঠতীতি বেদিতব্বো'—* কপ্পিয় কারক না থাকিলে অর্থে—অবাধ্য বা অসমর্থ কপ্পিয় কারক থাকিলেও নাই বলিয়া জানিবে। 'কালোতি সপ্পদভট সময়ো অত্তনো

---

* খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা, পুব্বঞ্চ নাতি বহলং কপ্পকদিক তথা। মঙ্গলগ্গমবিছি। দন্তঙ্কম কন্নগূথকং, লোনস্সুখেলসিঙ্গন্তি যে মহ মুত্ত করীসসং'—খুদ্দসিক্খা।

পন ছারিকার অমতি অল্লদারুং রুক্খতো ছিন্দিতা মত্তিকায় অসতি ভূমিং খনিত্বা গহেতুং বট্ঠতি' * কাল অর্থে— এখানে সর্প দংশন সময় বুঝাইতেছে। সেই সময় গাছের ছাই না থাকিলে স্বয়ং জীবিত গাছ ছেদন পূর্ব্বক ভস্ম করিতে পারে এবং মৃত্তিকা না থাকিলে স্বয়ং ভূমি খনন করিয়া লইতে পারে।

## সেবনীয়

'চীবর, পিণ্ডপাত, শয়নাসন এবং গ্লান প্রত্যয় বা ঔষধ, সেবনীয় এই চারিপ্রকার।

চীবর—'অনুজানামি ভিক্খবে ছ চীবরানি খোমং কপ্পসিকং কোসেয্য, কম্বলং সানং ভঙ্গন্তি ছ চীবরানি অনুঞ্ঞাতানি' * ক্ষেমী কাপসি, কৌষেয্য, কম্বল, সান এবং কীট সুত্র বা মৃগলোম দ্বারা প্রস্তুত চীবর, এই ছয় প্রকার চীবর পরিভোগ করিতে অনুমতি দিয়াছেন। 'তেসং অনুলোমানি ছুকূলং পঠুন্নং চিন পট্ঠং সোমার পট্ঠং ইদ্ধি মং দেব দত্তিমন্তি অপরানি ছ অনুঞ্ঞাতানি' * উক্ত ছয়বিধ চীবরের অনুলোম ছুকূল, পঠুন্ন-দেশজ, চীনদেশজ, সোমার স্থানজ, ঋদ্ধিময় এবং দেব প্রদত্ত

---

* খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা টীকা,
* মহাবগ্গে্গ।

অন্য ছয় প্রকার চীবর ও অনুমতি দিয়াছেন। উক্ত বার খানা এবং পাংশু কূলিক চীবর সহ মোট তের খানা।

পিণ্ডপাত—সঙ্ঘ ভত্তং উদ্দেস ভত্তং নিমন্তন্ন বালক ভত্তং পক্খিকং উপোসথিকং আগুন্তুক ভত্তং গমিক ভত্তং বাবক ভত্তং' *—সংঘ, উদ্দেশ, নিমন্ত্রণ, শলাকা, পাক্ষিক-উপোসথিক, প্রতিপাদিক আগুন্তুক, রাস্তা গমন কারী, রোগী, রোগীসেবক্ বিহার, ধূর, পালা এবং ভিক্ষালব্ধ ভাতসহ পিণ্ডপাত এই পঞ্চদশ প্রকার।

শয়নাসন—'বিহারো অড্ডযোগো পাসাদো হম্মিয়ং গুহা,' * —বিহার, অর্দ্ধযোগ, প্রাসাদ, হর্ম্ম্য গুহা এবং বৃক্ষ মূলে সহ শয়ন এই ছয় প্রকার।

গ্লান প্রত্যয়—'সপ্পি নবনিতং তেলং মধু ফানিতং' * —চর্ব্বি, নবনীত, তৈল, মধু' গুড় এবং গোমুত্র সহ প্রত্যয় বা ঔষধ এই ছয় প্রকার।

## কালিক

যাব কালিক, য়াম কালিক, সত্তাহ কালিক এবং য়াব জীবক ভেদে কালিক চারি প্রকার।

---

* সমন্ত পাসাদিকা, * মহাবগ্গে, * মহাবগ্গে।

য়াব কালিক—পুরে ভত্তং পটিগহেত্বা পরি ভূঞ্জি তব্বংয়ং কিঞ্চিত্ত খাদনীয়ং ভোজনীয়ং য়াব মজঝন্তিক সঙ্খাতো কালো তাব পরিভূঞ্জি তব্বতো য়াব কালিকং, * পুর্ব্বাহ্নে সমস্ত খাদ্য ভোজ্য প্রতি গ্রহণ করিয়া মধ্যাহ্ন পর্যন্ত পরিভোগ করাকে য়াব কালিক বলে।

য়াম কালিক—'সদ্ধিং অনুপোম পানেহি অট্ঠবিধং পানং য়াবরত্তিয়া পচ্ছিম য়াম সঙ্খাতো তাব পরিভূঞ্জি তব্বতো য়াম কালিকং' *—তেঁতুল পানীয় আদি অনুলোম পানীয় সহ পুর্ব্বোক্ত অষ্ঠবিধ পানীয় রাত্রির শেষ য়াম পর্যন্ত পরিভোগ করাকে য়াম কালিক বলে।

সত্তাহ কালিক—'চর্ব্বি আদি পঞ্চবিধং ভেসজ্জং পটিগ্গহেত্বা সত্তাহং নিধেতব্বতো সত্তাহ কালিকং' * চর্ব্বি আদি পঞ্চবিধ ভৈষজ্য প্রতি গ্রহণ করিয়া সাত দিন পর্যন্ত রাখিয়া পরিভোগ করাকে সত্তাহ কালিক বলে।

য়াব জীবক—পানীয় জল ব্যতীত য়াবকালিক, য়াম কালিক এবং সত্তাহ কালিক প্রভৃতি ত্রিবিধ কালিক হইতে অবশিষ্ট প্রতি গৃহীত সমস্ত গাছের মূল, ত্বক, ফল, পাতা, প্রভৃতি রোগ থাকিলে যাবজ্জীবন পরিযাবজ্জীবক বলে।

---

* সমস্ত পাসাদিকা, * মহাবগ্গো, * মহাবগ্গো।

# বিস্তৃতার্থ

যাব কালিক—'পিঠং মূলং ফলং খজ্জং গোবসো ধঞ্ঞ ভোজনং, যাগু সুপপ্পভূতয়ো হোন্তেতে যাব কালিক' *—পিষ্ঠক, মূল, ফল, খাদ্য, ভোজ্য, গোদুগ্ধ, সপ্তবিধ ধান্যের মধ্যে কোন একটি দ্বারা প্রস্তুত ভোজন য়রাগু এবং দাল প্রভৃতি যাব কালিক বলিয়া কথিত হয়।

যাম কালিক—'মধু মুদ্দিক সালুক চোচ মোচম্ব জম্বুজং, ফারুসকং নগ্গিসন্তুতং পানকং যাম কালিকং' *—মধু, মুদ্রিকা, শালুক, বন্যকদলী, দেশী কদলী, আম, জাম এবং দাড়িম্ব প্রভৃতি হইতে উৎপন্ন অগ্নিদ্বারা অপক্ক রস যাম কালিক বলিয়া কথিত হয়। ( মধু পুপ্ফ মঞ্ঞন যব্বপুপ্ফ রযো পিচ সব্ব পণ্ণ বসো )

'সানুলোমানি ধঞ্ঞানি ঠপেত্বা ফলজো, বসোচেব ঠপেত্বা পক্কভাজং, সীতদমদ্দিত দিচ্চ পাকো বা যাম কালিক' * শীতল জল দ্বারা মদ্দিত এবং সূর্য্য পক্ক অনুলোম সহ সাত প্রকার ধান্য ব্যতীত ফল হইতে উৎপন্ন রস মধুক পুষ্ফ ব্যতীত সমস্ত পুষ্ফ রস তরকারীর সুপ ব্যতীত সমস্ত পাতার রস যাম কালিক বলিয়া কথিত হয়।

---

* খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা।

সত্তাহ কালিক—চব্বি, নবনীত তেলানি মধু ফানিতামেবচ সত্তাহ কালিকা' *—ঘৃত নবনীত, তৈল, মধু এবং গুড় সপ্তাহ কালিক বলিয়া কথিত হয়।

'চব্বি যেসং মংসং পবারেতি' যেই প্রাণীর মাংস প্রবারিত হয় সেই প্রাণীর চর্ব্বি এখানে চর্বি্ব বলিয়া কথিত হয়। তেলং তিলবসে রাণ্ড মধু সাসপ সম্ভবং তিল রসা, এরণ্ড এবং সর্ষপ হইতে উৎপন্ন তৈল এখানে তৈল বলিয়া কথিত হয়। 'খুদ্দখুদ্দ মধু করি মক্খিকাহিকত মধু' ছোট বড় মধুকর মক্ষিকা দ্বারা ফুলের রস লইয়া কৃতমধু এখানে মধু বলিয়া কথিত হয়। 'রসাদি উচ্চু বিকতি পক্কা পক্কাব ফানিত বলিয়া কথিত হয়।

যাব জীবক—হলিদ্দিং সিঙ্গিবেবঞ্চ বচত্তং লসুনং পচা, উসীরং ভদ্দমুটঠঞ্চ তিবিসং কুট রোহিনি, পঞ্চ মুলাদিকঞ্চাপি মূলংতং যাবজীবকং *—হরিদ্রা, আদ্রক, বচ, রসুন পচ উশীর, ভদ্র-মুস্তক, ত্রিবৎ মঞ্জিষ্ঠালতা এবং পঞ্চ মুলাদির মূল সমস্তই 'যাবজীবক' বলিয়া কথিত হয়।

'শিলঙ্গং মরিচং গোঠাফলং পিপ্পলি রাজিকা তিফলেরণ্ড কাদীনং ফলন্তং যাব জীবকং কপ্পাস নিম্বকুটং পটোল মুলসাদীনং

---

* খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা।

সুপেয্য পন্নং বজ্জেত্বা পন্নস্তং যাবজীবকং' * পিলক, মরিচ, গোটফল, পিঁপুল, রাই, ত্রিফলা এবং এরণ্ড আদিফল সমস্তই ''যাবজীবক" বলিয়া কথিত হয়। কার্পাস, নিম্ব, পটোল প্রভৃতির পাতা এবং ব্যঞ্জন প্রস্তুত করিবার যোগ্য পাতা ব্যতীত সকল রকমের পাতা যাবজীবক বলিয়া কথিত হয়।

'ঠপেত্বা উচ্ছুনিয়্যাসং মরসং উচ্ছুবং তচং নিয়্যাসো চ তচো সব্বো লোনং লোহং সীল তথা সুদ্দ সিত্তঞ্চ সেবালো যঞ্চকিঞ্চি সুমাপিতং বিকটা দিগ্গভেদঞ্চএাতব্বং য়াবজীবকং' * ইক্ষুর নিয্যাস এবং রসযুক্ত ইক্ষুর ত্বক ব্যতীত সকল প্রকার নিয্যাস, ত্বক, লবন, লৌহ শিদ্দা, মধু শুন্য মোম, শৈবাল, গন্ধ সমস্ত বস্তু এব মল মূত্র প্রভৃতি সমস্তই যাবজীবক বলিয়া জানিবে।

উপচর যাবজীবক পরিভোগ্য বস্তু বিস্তৃত রূপে দেখাইয়া নিম্নে সংক্ষেপে দেখাইতেছি।

'মূলং সারং তচো ফেগু, পন্নং পুপ্ফং ফলং তথা, আহারথ মমেদন্তং সব্বং তং যাবজীবকং' *—আহার্য্য কার্য্য সম্পন্ন করিতে পারে না এমন মূল, সার, ত্বক, ত্বকের নিম্নাংশ পাতা, পুষ্প ফল এবং লতা প্রভৃতি সমস্তই যাবজীবক বলিয়া জানিবে।

---

* খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা, * খুদ্দসিক্খা।

"সব্বকালিক সম্ভোগো কালে সব্বস্সকপ্পতি পচ্চয়েতু বিকালেপি কপ্পতে কালিকত্তয়ং' * রোগী নিরোগী সকলেই উক্ত চতুর্ব্বিধ কালিকা বলিয়া পূর্ব্বাহ্নে পরিভোগ করিতে পারে। পীড়িত ও ক্ষুদিত ভিক্ষু উক্ত যাম কালিক, সপ্তাহ কালিক এবং যাবজ্জীবক প্রভৃতি কালিকাত্রয় অপরাহ্নে ও পরিভোগ করিতে পারে।

## চীবরের রং

'মূল খন্ধ তচো পন্ন ফল পুপ্ফ পভেদতো রজনানি ছব্বিধানি অনুঞ্ঞাতানি সত্থুনা'। *—মূল, স্কন্ধ, ত্বক পাতা, ফল এবং পুষ্প ভেদে ছয় প্রকার রং ভগবান অনুমতি দিয়াছেন। 'রজনেসু' পন হলদ্দিং ঠপেত্বা সব্বখন্ধ রজনং বট্‌ঠতি *—হরিদ্রার মূল ব্যতীত সকল প্রকার মূলের রং দ্বারা চীবর রঙাইতে পারে।

'মঞ্জিঠঞ্চ তুঙ্গাহারঞ্চ ঠপেত্বা সব্বখন্ধ রজনং বট্‌ঠতি' —মঞ্জিষ্ঠা লতা এবং পুন্নাগ বৃক্ষের স্কন্ধ ব্যতীত সকল গাছের স্কন্ধের রংদ্বারা রঙাইতে পারে।

'লোত্তঞ্চ কত্তৃলঞ্চ ঠপেত্বা সব্বত চ রজনং বট্‌ঠতি—

* খুদ্দসিক্‌খা, * পাঃ সুঃ বিঃ বিঃ সঃ

লোত্ত এবং কত্তূল গাছের ত্বক ব্যতীত সকল প্রকার গাছের ত্বকের রং দ্বারা রঙাইতে পারে।

'অল্লিপত্তঞ্চ নিলপত্তঞ্চ ঠপেত্বা সব্ব পত্ত রজনং বট্‌ঠতি' —অল্লি ও নীল পত্র ব্যতীত সকল প্রকার পাতার রং দ্বারা রঙাইতে পারে।

'গীহি পুরিভূত্তকং পন অল্লিপত্তেন একবারং রঞ্জিতুং বট্‌ঠতি'—গৃহি কর্তৃক ব্যবহৃত অল্লিপত্রের রং দ্বারা একবার রঙাইতে পারে।

'কিংসুক পুপ্ফঞ্চ ঠপেত্বা সব্বপুপ্ফ রজনং বট্‌ঠতি— কিংশুক পুষ্প ব্যতীত সকল প্রকার পুষ্পের রং দ্বারা, রঙাইতে পারে।

'ফল রজনে পন য়ং কিঞ্চি ন বট্‌ঠতি' ফলের রঙের মধ্যে রঙাইতে পারে না এমন কোন ফল নাই * অর্থাৎ সকল ফলের রং দ্বারাই রঙাইতে পারে। রঙাইবার অযোগ্য ফল নাই বলিয়া উক্ত হইলেও তথাপি যাহা স্বারূপ্য তদ্বারাই রং করা উচিৎ।

* কঙ্খাবিতরনী, * কঙ্খাবিতরনী, * কঙ্খাবিতরনী।

## আপত্তি প্রাপ্ত হইবার কারণ

'অলজ্জিতা অঞ্ঞানতা কুক্কুচ্চপকততা অকপ্পিয়ে কপ্পিয় সঞ্ঞিতা কপ্পিয়ে অকপ্পিয় সঞ্ঞিতা সতি সম্মোসাতি ইমেহি ছহাকারেহি অপজ্জাতি' * নির্ল্লজ্জতা, অজ্ঞানতা, কৌকৃত্যতা, অকপ্পিয়কে কপ্পিয় মনে করা, কপ্পিয়কে অকপ্পিয় মনে করা এবং স্মৃতি প্রমাদ হেতু প্রভৃতি ষড়বিধ কারণে আপত্তি প্রাপ্ত হয়।

নির্ল্লজ্জতা—'অকপ্পিয় ভাবং জানন্তোয়েব মদ্দিত্বাবিতিক্কমনং করোতি' *—শ্রমনের অযোগ্য বলিয়া জানিয়াও শিক্ষাপদ ভঙ্গ করতঃ অতিক্রম করাকে নির্ল্লজ্জতা বশতঃ আপত্তি প্রাপ্ত হওয়া বলে।

অজ্ঞানতা—'অঞ্ঞান পুগ্গলোহি মন্দো মোমূহ কত্তব্বাকত্তব্বং অজানন্তো অকত্তব্বং করোতি কত্তব্বং বিচরাধেতি এবং অঞ্ঞাতায় অপজ্জতি' *—অজ্ঞানি অল্পপ্রাজ্ঞ মুর্খ ব্যক্তি কর্ত্তব্যাকর্ত্তব্য না জানিয়া অকর্ত্তব্য কার্য্য করে এবং কর্ত্তব্য কাজের বিরূদ্ধতা আচরণ করে। এইরূপ করিয়া যেই আপত্তি প্রাপ্ত হয় তাহাকে অজ্ঞানতা হেতু প্রাপ্ত হয় বলিয়া বলে।

কৌকৃত্যতা—'কপ্পিয়াকপ্পিয়ং নিস্সায় কুক্কুচ্চে উপ্পন্নে বিনয় ধরং পুচ্ছিত্বা কপ্পিয়ঞ্চে কত্তব্বং সিয়া অকপ্পিয়ঞ্চে ন কত্তব্বং

---

* সমন্ত পাসাদিকা, * সমন্ত পাসাদিকা, * সমন্ত পাসাদিকা।

'অয়ং পন বট্ঠতীতি মদ্দিত্বা বীতিক্কমতি যেব এবং কুক্কুচ্চ পকতায় আপজ্জতি' *—কপ্পিয় এবং অকপ্পিয় লইয়া কৌকৃত্য উৎপন্ন হইলে বিনয়ধরকে জিজ্ঞাসা করিয়া 'কপ্পিয়' হইলে করিব অকপ্পিয় হইলে করিব না ইহা কিন্তু করা উচিৎ, এই মনে করিয়া শিক্ষাপদ ভঙ্গ করিয়া অতিক্রম করিলে সেই আপত্তি হয় তাহাকে কৌকৃত্যতা হেতু আপত্তি হয় বলিয়া বলে।

অকপ্পিয়কে কপ্পিয় মনে করা—'অচ্চমংসং সূকর মংসন্তি খাদতি বিকালে কাল সঞ্ঞিতায় ভূঞ্জতি এবং অকপ্পিয়ে কপ্পিয় সঞ্ঞিতায় আপজ্জতি' *—ভল্লুকের মাংসকে শূকরের মাংস মনে করিয়া খাইলে অপরাহ্ণকে পূর্ব্বাহ্ণ মনে করিয়া যাব কালিক খাইলে যেই আপত্তি হয় তাহা অকপ্পিয়কে কপ্পিয় মনে করিয়া প্রাপ্ত হয় বলিয়া বলে।

কপ্পিয়কে অকপ্পিয় মনে করা—'সূকর মংসং অচ্ছমংসন্তি খাদতি কালে বিকাল সঞ্ঞিতায় ভূঞ্জতি এবং কপ্পিয়ে অকপ্পিয় সঞ্ঞিতায় আপজ্জতি' *—শূকরের মাংসকে ভল্লুকেরমাংস মনে করিয়া খাইলে এবং পূর্ব্বাহ্ণকে অপরাহ্ণ মনে করিয়া 'যাবকালিক' খাইলে যেই আপত্তি হয় তাহা কপ্পিয়কে অকপ্পিয় মনে করিয়া

---

* সমন্ত পাসাদিকা, * পরিবা, * কঙ্খাবিতরনী।

প্রাপ্ত হয় বলিয়া বলে।

স্মৃতি প্রমাদ—‘সহসেয্য চীবর বিপ্পবাসাদীনি সতিসম্মোসা আপজ্জতি’ *—গৃহি এবং শ্রামনেরের সঙ্গে এক ঘরে শয়ন ‘সহসেয়্য’ শিক্ষাপদ, ত্রিচীবর ছাড়া থাকা ‘চীবর বিপ্পবাস’ শিক্ষাপদ, অকাল চীবর ও কালচীবর, দশদিবস অতিক্রম করা ‘অতিরেকদসাহ’ শিক্ষাপদ এবং ‘অতিরেকমাস’ শিক্ষাপদ প্রভৃতি দ্বারা যেই আপত্তি প্রাপ্ত হয় তাহাকে ‘স্মৃতি প্রমাদ’ বশতঃ প্রাপ্ত হয় বলিয়া বলে।

## আপত্তি সমুত্থান

‘কায়োবাচা কায়বাচা কায়চিত্তং বাচাচিত্তং কামাবাচা-চিত্তং এবং বুত্তানি ছ আপত্তি সমট্ঠানাননি’ *—কায়, বাক্য কায়বাক্য, কায়চিত্ত, বাক্যচিত্ত এবং কায় বাক্য চিত্ত প্রভৃতি এই ছয় দ্বারে আপত্তি উৎপন্ন হয়। পূর্ব্বোক্ত তিনটি অচিত্তক সমুত্থান, শেষোক্ত তিনটি সচিত্তক সমুত্থান বলিয়া জানিবে।

## প্রজ্ঞাপ্তি

‘পঞ্ঞাত্তি অনুপঞ্ঞত্তি সব্বত্থ পঞ্ঞত্তি পদেস পঞ্ঞত্তি সাধারণ

---

* সমন্ত পাসাদিকা, * কঙ্খাবিতরনী, * কঙ্খাবিতরনী।

পঞ্ঞত্তি অসাধারণ পঞ্ঞত্তি একতো পঞ্ঞত্তি উভতো পঞ্ঞতো বসেন নববিধ পঞ্ঞত্তি' *—প্রজ্ঞাপ্তি, অনুপ্রজ্ঞাপ্তি, সমুৎপন্ন প্রজ্ঞাপ্তি, সর্ব্বত্র প্রজ্ঞাপ্তি, প্রদেশ প্রজ্ঞাপ্তি, সাধারণ প্রজ্ঞাপ্তি, অসাধারণ প্রজ্ঞাপ্তি, একতঃ প্রজ্ঞাপ্তি এবং উভতো প্রজ্ঞাপ্তি ভেদে শিক্ষাপদ প্রজ্ঞাপ্তি এই নয়বিধ।

তত্থ অনুপ্পন্ন পঞ্ঞত্তি নাম অনুপ্পন্নে দোসো পঞ্ঞত্তাসা অট্‌ঠগুরুধর্ম্ম পটিগ্গহ্‌নবসেন ভিক্‌খুনীনং য়েব আগতা' * —সেই নববিধ শিক্ষাপদ প্রজ্ঞাপ্তির মধ্যে দোষ উৎপন্ন হইবার পূর্ব্বে প্রজ্ঞাপ্ত ভিক্‌খুনী দিগের অষ্টবিধ গুরুধর্ম্ম প্রতি-গ্রহণকে অনুৎপন্ন প্রজ্ঞাপ্তি বলে।

'অঞ্ঞত্র নত্থি বিনয়ধর পঞ্চমেন গনেন উপসম্পদা, গনংগনু পাহনা ধুবন্‌হানং চম্মত্থরনন্তি এতেনং বসেন চতুব্বিধ পদেস পঞ্ঞত্তি নাম মজ্ঝিম দেসে যেবাহি এতেহি আপত্তি হোতি' *—বিনয়ধর পঞ্চগণদ্বারা উপসম্পদা, গনংগন উপাহনা (চারি পটলযুক্ত জুতা) ধারনা নিত্যস্নান করা এবং চর্ম্মাস্তরন ধারণ এই চারিটি দ্বারা মধ্যদেশেই আপত্তি হয়, প্রত্যন্তদেশে হয় না। তজ্জন্য এই চারিটি শিক্ষাপদকে প্রদেশ প্রজ্ঞাপ্তি বলে।

'ততো অঞ্ঞাপদেস পঞ্ঞত্তি নাম নত্থি, সব্বানি সব্বত্থ

---

* কঙ্খাবিতরনী, * কঙ্খাবিতরনী, * পারিবা।

পঞ্ঞত্তি য়েব হোন্তি, সাধারণ পঞ্ঞত্তি তুকঞ্চ একতো পঞ্ঞত্তি তুকঞ্চ অত্থতো একং' *—সেই পঞ্চ বিনয় ধর গণদ্বারা উপসম্প দাদি চতুর্ব্বিধ শিক্ষাপদ প্রজ্ঞাপ্তি ব্যতীত অন্য প্রদেশ প্রজ্ঞাপ্তি নাই। সমস্ত শিক্ষা পদই সর্ব্বত্র প্রজ্ঞাপ্তি বলিয়া কথিত হয়। সাধারণ ও অসাধারণ প্রজ্ঞাপ্তি দ্বয় এবং একতঃ উভয়তঃ প্রজ্ঞাপ্তি দ্বয় অর্থতঃ একই রূপ। 'তস্মা অনুপ্পন্ন পঞ্ঞতি চ সব্বত্থ পঞ্ঞত্তি তুকঞ্চ একতো পঞ্ঞত্তি তুকঞ্চ ঠপেত্বা সেসানং চতুন্নং পঞ্ঞত্তীনং বসেন সব্বত্থ বিনিচ্ছয়ো বেদিতব্বো' * তদ্ধেতু অনুৎপন্ন প্রজ্ঞাপ্তি সর্ব্বত্র প্রজ্ঞাপ্তি এবং একতঃ প্রজ্ঞাপ্তিদ্বয় ব্যতীত অবশিষ্ঠ চারিটি প্রজ্ঞাপ্তির মীমাংসা সমস্ত শিক্ষাপদে জানিবে।

## বিনয় প্রজ্ঞাপ্তির স্থান

'বেসালী, রাজগহো সাবত্থি আলবী কোসম্ভী সক্কভগ্গানং বসেন সত্তবিধং পঞ্ঞত্তিঠানং ইদংহি সব্বসিক্খাপদনং নিদানং' *—বৈশালী, রাজগৃহ, শ্রাবস্তি, আলবী, কৌশম্ভী, শাক্য এবং ভগ্গ এই সপ্তবিধস্থান সমস্ত শিক্ষাপদ প্রজ্ঞাপ্তির স্থান বলিয়া জানিবে। অর্থাৎ এই সাতটি রাজ্যেই ভগবান সমস্ত শিক্ষাপদ স্থাপন করিয়াছেন।

বৈশালী—'দস বেসলিয়া পঞ্ঞাত্তা' বৈশালীতে দশটি

* পারিবা।

শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করিয়াছেন। সেই দশটি শিক্ষাপদের মধ্যে 'যে বেসলিয়া পঞ্ঞত্তা তে সুনোহি যথা তথাং, মেথুন বিগ্গহং উত্তরিধম্মো অতিরেকঞ্চ কালকং, ভূতপরম্পরা ভত্তং দন্তপোনেন অচেলকো। ভিক্খুনীসু চ অক্কোসো দসেতে বেসলীয়া কতা' * যেই শিক্ষাপদ সমূহ বৈশালী নগরে প্রজ্ঞাপ্ত করিয়াছেন সেই শিক্ষাপদ সমূহ যথাসত্য শ্রবন করুন। 'মেথুন পারাজিকা শিক্ষাপদ মনুস্স বিগ্রহ পারাজিকা' শিক্ষাপদ 'উত্তরি মনুস্স ধম্ম' শিক্ষাপদ 'দসহান গত অতিরেক চীবর' শিক্ষাপদ, 'সুদ্ধ কালক সন্থত' শিক্ষাপদ, ভূতরোচনা, শিক্ষাপদ, 'পরম্পর ভোজন' শিক্ষাপদ দন্তপোন' শিক্ষাপদ 'অচেলক' শিক্ষাপদ এবং 'ভিক্খুনী অক্কোসন' শিক্ষাপদ প্রভৃতি এই দশটি শিক্ষাপদ বৈশালী নগরে প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

রাজগৃহ—'একবীস রাজগহে কতা' রাজগৃহে একবিংশতিটি শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করিয়াছেন। যে রাজ পঞ্ঞাভাতে সুনোহি যথাতথ্বং। অদিন্নদানং রাজগহে দ্বে অনুদ্ধংসনা দ্বেপিচ ভেদা। অন্তর বাসক রূপিয়ং সুত্তং উজঝাপনেন চ পাচিত পিণ্ডং। গণ ভোজনং বিকালে চ চারিত্তং নহানং নিবীসতি, চীবরং দত্বা বেসাসেন্তি এতে রাজগহে কতা, গিরগ্গ চারিয়া তথেব ছন্দ দানেন একবীসতি' *—যেই শিক্ষাপদ সমূহ রাজগৃহে প্রজ্ঞাপ্ত করিয়াছেন সেই শিক্ষাপদ সমূহ শ্রবন কর।

* পারিবা।

অদিন্নদান 'পারাজিকা' শিক্ষাপদ, দুইটি 'অনুদ্দংসন' শিক্ষাপদ, 'সংঘভেদ' শিক্ষাপদ, 'ভেদানুভত্তক' শিক্ষাপদ, 'অন্তর বাসক' শিক্ষাপদ, 'রূপিয় উগ্গহনা' শিক্ষাপদ, 'সুত্তং বিঞাপন' শিক্ষাপদ, 'উজঝাপন' শিক্ষাপদ, 'ভিক্খুনী পরিপাচিত' শিক্ষাপদ, 'পিণ্ডপাত ভোজন' শিক্ষাপদ, 'গণ ভোজন' শিক্ষাপদ, 'বিকাল ভোজন' শিক্ষাপদ, 'কুলেসু চারিত্তং আপজ্জন' শিক্ষাপদ, 'নহান' শিক্ষাপদ, 'উনবীসতি' শিক্ষাপদ, 'চীরং দত্বা খীয়েন' শিক্ষাপদ, 'চবাসাসত্তি' শিক্ষাপদ, 'গিরগ্গ সমজ্জে নচ্চং বা গীতং বা বাদিতং বা দস্সনায় গমন' শিক্ষাপদ, 'অন্তোবস্স চারিকং চারিয়া' শিক্ষাপদ 'চারিকং ন পক্কমান শিক্ষাপদ এবং 'ছন্দদান' শিক্ষাপদ এই একবিংশতিটি শিক্ষাপদ রাজগৃহে প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

শ্রাবস্তী—ছ উনতীনি সতানি 'সবে্ব সাবাত্থিয়াকতা' শ্রাবস্তীতে ২৯৪টি শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করিয়াছেন। 'য়ে সাবত্থিয়া পঞ্ঞত্তা তে সুনোহি যথাতয়ং। পারাজিকানি চত্তারি সংঘাদিসেসো ভবন্তি সোলস। অনিয়তা'চ দ্বে হোন্তি নিস্সগ্গিয়া চতুবীসতি। ছ পঞাস সতঞ্চেব খুদ্দকানি পবুচ্ছন্তি, দস যেব চ পারয়হ দ্বে সত্ততি চ সেখিয়া ছ উনতীনি সতানি সবে্ব সাবত্থিয়া কতা' *—যেই শিক্ষাপদ সমূহ শ্রাবস্তীতে

* পরিবা, * পরিবা * পরিবা।

প্রজ্ঞাপ্ত করিয়াছেন সেই শিক্ষাপদ সমূহ যথাসত্য শ্রবণ কর। চারিটি 'পারাজিকা শিক্ষাপদ, 'ষোলটি সংঘাদিশেষ' শিক্ষাপদ, দুইটি 'অনিয়ত' শিক্ষাপদ, চত্বারিংশ 'নিস্সগ্গিয়া' শিক্ষাপদ, ১৫৬টি 'খুদ্দক' শিক্ষাপদ, 'দশটি গারয়্হ' বলিয়া দেশিত শিক্ষাপদ এবং দ্বি সপ্ততি 'সেখিয়া' শিক্ষাপদ, মোট এই ২৯৪টি শিক্ষাপদ শ্রাবস্তীতে প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

আলবী—'ছ আলবীয়া পঞ্ঞত্তা' আলবী রাজ্যে ছয়টি শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করিয়াছেন। 'য়ে আলবীয়া পঞ্ঞাত্তাতে সুনোহি যথাতথং, কোটিকে সিয়া সেয়্যাচ খননে গচ্ছদেবতে। সপানকঞ্চ সিঞ্চতি ছ আলবীয়া কতা' *—যেই সমস্ত শিক্ষাপদ আলবী রাজ্যে প্রজ্ঞাপ্ত করিয়াছেন সেই শিক্ষাপদ সমূহ যথাসত্য শ্রবণ কর। 'কুটিকার' শিক্ষাপদ কোসেয়্য শিক্ষাপদ, নিস্সক শিক্ষাপদ, সাসেয়্য শিক্ষাপদ, 'পটবী খনন শিক্ষাপদ, ভূতগাম শিক্ষাপদ এবং সপানক দিক সিঞ্চন' শিক্ষাপদ, এই ছয়টি শিক্ষাপদ আলবী রাজ্যে প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

কৌশম্বী—'অট্ঠ কোসাম্ভীয়া কতা' কৌশম্বীতে আটটি শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করিয়াছেন। 'য়ে কোসম্ভীয়া পঞ্ঞাতে সুনোহি যথাতথং। মহাবিহারো দোবচ্চস্সং অঞ্ঞেদ্বারং সুবায়চ। অনদরিয়ং সহধম্মোচ পরোপনেন অটঠমং' *—যেই শিক্ষাপদ

---

* পরিবা, * পরিবা।

সমূহ কৌশম্বীতে প্রজ্ঞাপ্ত করিয়াছেন সেই শিক্ষাপদ সমূহ যথাসত্য শ্রবণ কর। 'মহল্লক বিহার' শিক্ষাপদ, 'তুব্বচ' শিক্ষাপদ, 'অঞ্ঞ বাদক বিহেসক' শিক্ষাপদ দ্বার কোস অগ্গল ঠপন শিক্ষাপদ, 'সুরাপান' শিক্ষাপদ, 'অনদরিয়' শিক্ষাপদ, 'সহ ধম্মিধ' শিক্ষাপদ এবং 'সুরু সুরু' শিক্ষাপদ, এই আটটি শিক্ষাপদ, কৌশম্বীতে প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

শাক্য—'অট্ঠ সক্কেসু' বুচ্চন্তি শাক্য বা কপিল বস্তুতে আটটি শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করিয়াছেন। 'সক্কেসু পঞ্ঞত্তাতে সুনোহি যথাতথং। এলকলোমানি পত্তোচ ওর্বাদো চেব ভেসজ্জং। সুচি অরঞ্ঞকো চেব ছ এতে কপিলবত্থবে। উদক সুদ্ধিয়া ওবাদো ভিক্খুনীসু পবুচ্চন্তি' *—শাক্য বা কপিল বস্তুতে যেই শিক্ষাপদ সমূহ প্রজ্ঞাপ্ত করিয়াছেন, সেই শিক্ষাপদ সমূহ যথাসত্য শ্রবণ কর। 'এলকলোম শিক্ষাপদ, 'নবং পত্ত চেতাপন' শিক্ষাপদ 'চতুমাস পচ্চয় পবরানা আদিতব্বা ভেসজ্জ' শিক্ষাপদ, 'সুচি' শিক্ষাপদ, 'অবঞ্ঞক' শিক্ষাপদ, 'ভিক্খুনীদের উদকসুদ্ধিয়া' শিক্ষাপদ, 'ওবাদংনগচ্ছ, শিক্ষাপদ, এই আটটি শাক্য বা কপিলবস্তুতে প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

ভগ্গ—'তয়ো ভগে্গসু' পঞ্ঞত্তাতে সুনোহি যথাতথং সমাদহিত্বা বিসিব্বন্তি সমীসেন পানীয় থালকং সসিত্থকং' *

---

* পরিবা, *' পারাজিকা, * ' খুদ্দসিক্খা।

—ভগ্‌গদেশে যেই শিক্ষাপদ সমূহ প্রজ্ঞাপ্ত করিয়াছেন। সেই শিক্ষাপদ সমূহ যথাসত্য শ্রবন কর। 'জ্যেতিং সমাদহিত্বা বিসিব্‌বান' শিক্ষাপদ, 'সমিসেন হত্থেন পানীয় থালকং পটিগ্‌গহন' শিক্ষাপদ এবং সসিত্থকং পত্তধোবনং অন্তর ঘরে ছড্ডন' শিক্ষাপদ, এই তিনটি শিক্ষাপদ ভাগদেশে প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

পারাজিকানি চত্তারি সংঘাদিসেসানি ভবন্তি সত্ত, নিস্সগি্‌গয়ানি অটঠ দ্বত্তিংস খদ্দ্‌ক দ্বে গারয়হ তয়োসেখা ছ পঞ্চস সিক্‌খাপদা ছস্সু নগরেস্সু পঞ্ঞত্তা বুদ্ধেন দিচ্চ বন্ধুনা' *—আদিত্য বন্ধুবুদ্ধ ভিক্ষুদিগের চারিটি 'পারাজিকা' সাতটি সংঘাদিসেসং, আটটি নিস্সগি্‌গয় বত্রিশটি খুদ্দক' শিক্ষাপদ, দুইটি গারয়্‌হ' শিক্ষাপদ এবং তিনটি সেখিয়া' শিক্ষাপদ, মোট এই ৫৬টি শিক্ষাপদ বৈশালী রাজগৃহ, আলবী, কৌশাম্বী, শাক্য এবং ভগ্‌গ প্রভৃতি ছয়টি দেশে প্রজ্ঞাপ্ত করিয়াছেন সবে্‌ব ছউনা তীনি সতানি সাবত্থিয়া কতা গোতমেন যসস্সিনা' * —যশস্বী গৌতম বুদ্ধ শ্রাবস্তীতে মোট ২৯৪টি শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

* খুদ্দসিক্‌খা, * খুদ্দসিক্‌খা, * খুদ্দসিক্‌খা, * খুদ্দসিক্‌খা টীকা।

## বিনয় শিক্ষাপদ প্রজ্ঞাপ্তির ফল

'দশ অত্থবসে পটিচ্চ সংঘসুট্ঠতায় সংঘ ফাসুতায় দুম্মঙ্কনং পুগ্‌গলানং নিগ্‌গহায় পেসলানং ভিক্‌খুনং ফাসুবিহারায় দিট্ঠ ধম্মিকানং আসবানং সংবরায় সম্পরয়িকানং আসবনং পটিঘাতায় অপ্পসান্নানং পসদায় পসন্নানং ভিয়োভাবায় সদ্ধম্মটিঠতায় বিনয়ানুগ্‌গহায়' *—ভগবান সংঘের শৃঙ্খলার জন্য, সঙ্ঘের সুখের জন্য, দুশীলদের নিগ্রহের জন্য, সুশীলদের সুখ বিহারের জন্য, ইহজন্মের তৃষ্ণাসম্বরনের জন্য, পরজন্মের তৃষ্ণা বিনাশের জন্য, অপ্রসন্নদের প্রসন্নতার জন্য, প্রসন্নদের প্রসন্নতা বৃদ্ধির জন্য, সদ্ধর্ম স্থিতির জন্য এবং বিনয় অনুগ্রহের জন্য প্রভৃতি দশবিধ কারনে শিক্ষাপদ প্রজ্ঞাপ্ত করিয়াছেন।

## অবহিত মাংস

'মনুস্স হত্থি অস্‌সানং মংসং সুনখদীপিনং সীহ ব্যাগ্ঘ তরচ্ছানং অচ্ছস্স উরগস্সচ' *—মনুষ্যের মাংস, হস্তির মাংস, অশ্বের মাংস, কুকুরের মাংস, দীপিয় মাংস, সিংহের মাংস, বাঘের মাংস, নেকড়ে বাঘের মাংস, ভল্লুকের মাংস এবং সর্পের মাংস প্রভৃতি অবিহিত (অকল্পিয়) মাংস এই দশবিধ।

---

* কম্মাকম্ম বিনিচ্ছয়, * কম্মাকম্ম বিনিচ্ছয়।

থুল্লচ্চয়ং মনুস্সানং মাংসে সেসেসু দুক্কটং' *—উক্ত দশপ্রকার মাংসের মধ্যে মনুষ্য মাংস ভোজনে থুল্লচয়ে, এবং অবশিষ্ঠ নয়বিধ মাংস ভোজনে দুক্কট আপত্তি প্রাপ্ত হয়। অট্‌ঠপি লোহিতং চম্মং লোমম্পেসং ন কপ্পতি' *—কেবল উক্ত দশবিধ মাংস ভোজনে যে আপত্তি (প্রাপ্ত) হয় তাহা নহে। অন্ততঃ তাহাদের অস্থি, রক্ত, চর্ম্ম এবং লোম ও ব্যবহার বা পরিভোগ করিতে পারে না।

ভিক্ষুর উদ্দেশ্যে মৎস্য, মাংস এবং মাংসের নাম জিজ্ঞাসা না করিয়া খাইতে পারে না। মাংস খাইবার সময় দৃষ্ঠ শ্রুত ও সন্দেহ এই ত্রিকুটি অপরিশুদ্ধ হইলে খাইতে পারে না উক্ত ত্রিকুটি পরিশুদ্ধি হইলেই খাইতে পারে। বিহিত মাংস হইলেও জিজ্ঞাসা করিয়া খাওয়া উচিত। 'সচিত্তকং উদ্দিসকতং সেসং অচিত্তকং' *—উপলক্ষ্য করিয়া হত পশুর মাংস সজ্ঞানে খাইলে 'সচিত্তকং' এবং অবশিষ্ঠ মাংস খাইলে 'অচিত্তক' আপত্তি হয়। 'সুনখ মংসন্তি এথ অরঞ্ঞাকো নাম সুনখ সদিসা হোন্তি তেসং মংসং বট্‌ঠতি' *—কুকুরের মাংস অর্থে বন্য কুকুর, দেশী কুকুরের ন্যায় হইলেও তাহাদের মাংস পরিভোগে দোষ নাই। 'মচ্চ গহনেন সব্বং জলজং বুত্তং' *—মৎস্য শব্দ দ্বারা সমস্ত জলজ প্রাণী উক্ত হইয়াছে' এই বাক্যদ্বারা ব্রহ্মদেশের কোন কোন আচার্য্য বলিয়া থাকেন।

* কম্মাকম্ম বিনিচ্ছয়, * কম্মাকম্ম বিনিচ্ছয়, * ঐ * ঐ।

'জলজ' শব্দ দ্বারা জল সর্প ও খাইতে পারে কিন্তু তাহা তাহাদের ইচ্ছা মাত্র। কারণ সামন্তপাসাদিকার ভেসজ্জ খন্ধক' বর্ণনায় উক্ত হইয়াছে—'অহি মংসন্তি যস্স কস্মাচি অপদকস্স দীঘজাতিকস্স মংস ন বট্‌ঠতি' অর্থাৎ অহিমাংস অর্থে—যে কোন পদবিহীন দীর্ঘ প্রাণীর মাংস খাইতে পারে না। যদি কেহ বলেন। অর্থক আচার্য্য 'মচ্ছ পহনের সব্বং জলজং উত্তং' এই বাক্য কি জন্য বলিয়াছেন? তদুত্তরে আমরা বলিতেছি জলে যাহাদের প্রতিসন্ধি হয় তাহাদিগকেই উপলক্ষ্য করিয়া অর্থক আচার্য্য উক্ত বাক্য বলিয়াছেন।

## সঙ্ঘ কর্ম্ম

'চত্তারি অপলোকন কম্মং ঞত্তিকম্মং ঞত্তিদুতিয়া কম্মং ঞত্তিচতুত্থ কম্মং' *—অপলোকন কর্ম্ম, জ্ঞাপ্তি কর্ম্ম, জ্ঞাপ্তি-দ্বিতীয় কর্ম্ম এবং জ্ঞাপ্তি চতুর্থ কর্ম্ম ভেদে সংঘ কর্ম্ম এই চারি প্রকার।

অপলোকন কর্ম্ম—'অপলোকন কম্মং পন সীমট্‌ঠক সংঘতো সোধেত্বা ছন্দরহানং ছন্দং আহরিত্বা সমগ্‌গস্স সংঘস্স অনুমতিয়া পাবেত্বা কত্তব্বা কম্মং' *—সীমাভ্যন্তরে স্থিত সংঘ দেশনা দ্বারা শুদ্ধ করিয়া ছন্দ আহরণ যোগ্য ভিক্ষুদের ছন্দ

---

* কম্মাকম্ম বিনিচ্ছয়, * কম্মাকম্ম বিনিচ্ছয়।

(মত) আহরণ করিয়া সম্মিলিত সংঘের অনুমতিকে ব্রহ্মদত্ত দানাদি কর্ত্তব্যে কর্ম্মকে অপলোকন কর্ম্ম বলে। 'ঞত্তিং কম্মং নাম বুত্তনয়েনেব সমগ্‌গস্স অনুমতিয়া একায় ঞত্তিয়া কত্তব্বা কম্মং' *—উক্ত নিয়মে সম্মিলিত সংঘের অনুমতিতে একবার জ্ঞাপ্তি স্থাপন দ্বারা যেই কর্ত্তব্য কর্ম্ম করা হয় তাহাকে জ্ঞাপ্তি কর্ম্ম বলে।

'ঞত্তি দুতিয়া কম্মং নাম বুত্তনয়েনেব সমগ্‌গস্স সংঘস্স অনুমতিয়া একায় ঞত্তিয়া একায় অনুসবনায় তি এবং ঞত্তি দুতিয়ায় বত্তব্ব কম্মং,' *—উক্ত নিয়ামেই সীমাস্থ সংঘ শুদ্ধ করিয়া সম্মিলিত সংঘের অনুমতিতে একবার জ্ঞাপ্তি স্থাপন একবার কম্ম বাক্য পাঠ করিয়া 'কঠিন অত্থরনাদি' যেই কর্ত্তব্য কর্ম্ম করা হয় তাহাকে জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম্ম বলে।

'ঞত্তি চতুত্থ কম্মং নাম বুত্তনয়েনেব সমগ্‌গস্স সংঘস্স অনুমতিয়া একায় ঞত্তিয়া তীহি অনুসবানাহি কত্তব্ব কর্ম্মং' উক্ত নিয়মে সম্মিলিত সংঘের অনুমতিতে একবার এবং তিনবার কর্ম্ম বাক্য পাঠ করিয়া উপসম্পদাদি যেই কর্ম্ম করা হয় তাহাকে জ্ঞাপ্তি চতুত্থ কর্ম্ম বলে।

উক্ত চতুব্বিধ কর্ম্মের মধ্যে 'অপলোকন কম্মং অপলো-

---

* কঙ্খাবিতরনী, * কম্মাকম্ম বিনিচ্ছয়।

কেত্বাব কত্তব্বং ঞত্তি কম্ম দিবসেন ন কাতব্বং' *—অপলোকন কর্ম্ম সংঘ অবলোকন করিয়া করিতে হয়। জ্ঞাপ্তি কম্মদ্বারা করিতে পারে না। 'ঞত্তি তুতিয় কম্মং পন অপলোকেত্বা কাতব্বংপি অকতব্বংপি অত্থি, তত্থ সীমা সম্মুতি সীমা সমূহ নাম কঠিন দানং কঠিনুদ্ধারো কুটিবাত্থু দেসনায় বিহার বুত্থু দেসনায় ইমানি কম্মানি গরুকানি অপলোকেত্বা কাতুং ন বট্‌ঠতি। ঞত্তি তুতিয় কম্ম বাচং সারেত্বা কাতব্বানি' * —জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম্ম সংঘ অবলোকন করিয়া করিবারও আছে এবং অবলোকন না করিয়া করিবার ও আছে। যেই অবলো-কনীয় এবং অনবলোকনীয় দ্বিবিধ কর্ম্মের মধ্যে সীমাসম্মতি, সীমাসমূহ নন, কঠীন চীবর দান, কঠীন চীবরোদ্ধার, কুটি-বস্তু দেশনা এবং বিহার বস্তু দেশনা প্রভৃতি এই ছয়টি কার্য্য গুরুতর তদ্ধেতু সংঘ অবলোকন করিয়া করিতে পারে না। জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম্ম বাক্য শুনাইয়া করিতে হয়। 'অবসেস তেরস সম্মুতিয়ো পন চীবর অবিপ্পবাস সম্মতিচ, সন্থতঃ সম্মুতি ভত্তু দেসক সম্মুতি সেনাসন গাহাপক সম্মুতিচ ভত্তকারায় সম্মুতি চীবর পটিগ্‌গহন সম্মুতি চীবর ভাজক সম্মুতি চ খজ্জ ভাজক সম্মুতি চ অপ্পমত্ত বিস্সজ্জক সম্মুতি সাটক গাহাপক সম্মুতি পত্ত গাহাপক সম্মুতি আরামিক পেসক সামনের পেসক সম্মুতি-চাতি এতেসং সম্মুতীনং বসেন তেরস সম্মুতিয়োচ সেনাসনং

* কম্মাকম্ম বিনিচ্ছয়, * কম্মাকম্ম বিনিচ্ছয়।

গাহাপক মতক চীবর দানাদি সম্মতিয়ো চাতি এতানি লহুক কম্মানি অপলোকেন্তাপি কাতুং বট্ঠতি, ঞত্তি কম্ম ঞত্তি চতুত্থ কম্মা বসেন না কাতব্বং' *—উক্ত ছয়বিধ কর্ম্ম হইতে অবশিষ্ট চীবর ব্যতীত বাস করিবার সম্মতি বিছানা বিছাইবার সম্মতি,' নিমন্ত্রণ গ্রহণের সম্মতি. বিহার গ্রহণের সম্মতি. ভাণ্ডাগার রক্ষার সম্মতি, চীবর প্রতি গ্রহণের সম্মতি, চীবর ভাগ করিবার সম্মতি, যবাগু ভাগ করিবার সম্মতি খাদ্য ভাগ করিবার সম্মতি, অল্প বস্তু বিভাগ করিবার সম্মতি, কাপড় গ্রহণ করিবার সম্মতি, পাত্র গ্রহণ করিবার সম্মতি, আরামিক এবং শ্রামনের প্রেরনের সম্মতি, প্রভৃতি এই এয়োদশ প্রকার সম্মতি এবং শয়নাসন বিছাইবার জন্য এবং মৃত ভিক্ষুর চীবর বিভাগ করিবার জন্য সম্মতি প্রভৃতি লঘু কর্ম্ম বলিয়া সংঘ অবলোকন করিয়া করিতে পারে। জ্ঞাপ্তি কর্ম্ম বা জ্ঞাপ্তি চতুর্থ কর্ম্ম দ্বারা করিতে পারে না।

## কর্ম্ম নষ্ট হইবার কারণ

'বত্থুতো বা ঞত্তিতো বা অনুসবনতো বা সীমাতো বা পরিসতো বা বিপ্পজন্তি' *—বস্তু বিপত্তি, জ্ঞাপ্তি বিপত্তি, কর্ম্ম বা বাক্য বিপত্তি, সীমা বিপত্তি এবং পরিষদ বিপত্তি প্রভৃতি পঞ্চবিধ বিপত্তি দ্বারা কর্ম্ম নষ্ট হয়।

---

* কম্মাকম্ম বিনিচ্ছয়, * কম্মাকম্ম বিনিচ্ছয়।

বত্থু বিপত্তি—'ঊনবীসতি বস্সং বা অন্তিম বত্থুং অজঝাপন্ন পুব্বং বা একাদস্স অভব্বপুগ্গলা বা উপসম্পাদেন্তস্স বত্থু বিপন্নং অধম্ম কম্মং হোতি' *—প্রতিসন্ধি হইতে বিংশতি বৎসরের কম বয়স্ক ব্যক্তি, পারাজিকা প্রাপ্ত ব্যক্তি এবং একাদশ জন অযোগ্য ব্যক্তিকে উপসম্পদা প্রদান কারীর কর্ম্মকে বস্তু বিপন্ন অধর্ম্ম কর্ম্ম বলে।

বস্তু স্পর্শ না করা—'যস্স উপসম্পদাদি কম্মং করোতি তদা বত্থুং না পরামসতি তস্স নামং ন গন্হতি। 'সুনাতু যে ভন্তে সংঘো অয়ং ধম্ম রক্খিতো আয়স্মতো'বুদ্ধ রক্খিতস্স উপসম্পদা পেখেতি' বদতি এবং বত্থুং ন পরামসতি নাম' * —যাহার উপসম্পদাদি কর্ম্ম করে তাহাকে স্পর্শ করে না। তাহার নাম গ্রহণ করেনা 'সুনাতু মে ভন্তে সংঘো অয়ং ধম্ম রক্খিতো আয়স্মতো বুদ্ধ রক্খিতস্স উপসম্পদা পেখো' বলিয়া বক্তব্যে 'সুনাতু মে ভন্তে সংঘো বুদ্ধ রক্খিতস্স উপসম্পদা পেখো' বলিয়া বলে। যদি এইরূপ বলিয়া কর্ম্ম করে তবে বস্তু ( উপসম্পদা প্রার্থী ) স্পর্শ করে না।

সঙ্ঘ স্পর্শ না করা—'সঙ্ঘস্স নামং ন গনহতি 'সুনাতু যে ভন্তে সঙ্ঘো অয়ং ধম্ম রক্খিতোতি' বত্তব্বে 'সুনাতু মে

---

* কম্মাকম্ম বিনিচ্ছয়, * ঐ।

ভন্তে অয়ং ধম্ম রক্খিতোতি' বদতি এবং সংঘং ন পারামসতি নাম' *—সঙ্ঘের নাম গ্রহণ করে না—'সুনাতু মে ভন্তে সঙ্ঘো অয়ং ধম্মরক্খিতো' বলিয়া বলে। এইরূপ বলিয়া কর্ম্ম করিলে সংঘ স্পর্শ করেনা বলিয়া কথিত হয়।

পুদ্গল স্পর্শ না করা—'যস্স উপসম্পদা পেক্খস্স উপাজ্ঝ্যো তং ন পরামসতি, তস্স নামং ন গনহৃতি' *—যিনি উপসম্পদা প্রার্থী উপাধ্যায় তাঁহাকে স্পর্শ অর্থাৎ তাহার নাম গ্রহণ না করিয়া যেই কর্ম্ম করা হয় সেই কর্ম্ম পুদ্গল স্পর্শ করেনা বলিয়া কথিত হয়।

জ্ঞাপ্তি বিপত্তি—'সবে্বন সব্ব ঞত্তিং ন পরামসতি ঞত্তি দুতিয় কম্মে ঞত্তিং অটাপেত্বা দ্বিক্খত্তুং কম্মবাচায় এব অনুসাবন কম্মং করোতি, ঞত্তি চতুত্থ কম্মে ঞত্তি অটাপেত্বা চতুক্খত্তুং কম্মবাচা এব অনুসাবন কম্মং করোতি এবং ঞত্তি ন পরমসতি নাম। ইমেহি কারনেহি ঞত্তিতো কম্মানি বিপজ্জন্তি' *—পরস্পর জ্ঞাপ্তি স্পর্শ করে না—জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম্মে জ্ঞাপ্তি না রাখিয়া দুইবার কর্ম্ম বাক্য পাঠ করিয়া অনুসাবন কর্ম্ম করে। জ্ঞাপ্তি চতুর্থ কর্ম্মেও জ্ঞাপ্তি না রাখিয়া চারিবার কর্ম্ম বাক্য পাঠ করে। এইরূপ করিলে জ্ঞাপ্তি স্পর্শ করেনা ইহাকে জ্ঞাপ্তি বিপত্তি অধর্ম্ম কর্ম্ম বলে।

---

* কম্মাকম্ম বিনিচ্ছয়, * ঐ * ঐ * ঐ * ঐ

অনুসাবন বিপত্তি—'বত্থু আদীনি বুত্তনয়েনেব বেদিতব্বানি 'সুনাতু যে ভন্তে সজ্ঝোতি' পঠম অনুসাবনায় বা তুতিয়ম্পি এতমত্থং বদামি-পে-ততিয়ম্পি এতমত্থং বদামীতি বদাতি। বত্থুং ন পারমসতি সংঘং ন পরামসাতি পুগ্গলং ন পরামসতি অনুসাবনং হাপেতি, ঞত্তি তুতিয় কম্মে দ্বিক্খত্তুং ঞত্তিমেব ঠপেতি ঞত্তি চতুত্থু কম্মে চতুক্খত্তং ঞত্তিমেব ঠপেতি, অনুসাবানং হাপেতি, অক্খবং বা ছড্ডেতি পদং বা তুরুত্তং করোতি অয়ং পি সাবনং হাপেতি যেব। ইমং অনুসাবনতো কম্মং বিপত্তি বেদিতবেব্বা' *—কিরূপে অনুসাবন দ্বারা বস্তু স্পর্শ করে না তাহা এই নিয়মে জানিবে। 'সুনাত মে ভন্তে সজ্ঝো' বলিয়া প্রথম অনুসাবন কর্ম্ম বাক্য দ্বারা 'তুতিয়ম্পি এতমত্থং বদামি-পে-ততিয়ম্পি এতমত্থং বদামি' বলিলে বস্তু, সংঘ ও পুদ্গল স্পর্শ করে না। অনুসাবন কর্ম্ম বাক্য হ্রাস করে। জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম্মে তুইবার জ্ঞাপ্তিই রাখে। জ্ঞাপ্তি চতুর্থ কর্ম্মে জ্ঞাপ্তিই রাখে। অনুসবন হ্রাস করে, অক্ষর ত্যাগ করে এবং পদের ওচ্চারণ অশুদ্ধ করে। এইরূপ করিলে অনুসাবন হ্রাস করে, ইহাকে অনুসাবন বিপত্তি কর্ম্ম বলে।

সীমা বিপত্তি—'একদসহি আমারেহি সীমাতো কম্পানি বিপজ্জন্তি' *—একাদশ প্রকার সীমাদ্বারা কর্ম্ম নষ্ট হয়।

* খুদ্দসিক্খা, * পারাজিকা।

একাদশ প্রকার সীমা—অতি ক্ষুদ্র সীমা, অতিবৃহৎ সীমা, খণ্ড নিমিত্ত সীমা, ছায়া নিমিত্ত সীমা, অনিমিত্ত সীমা, বহিঃ সীমায় স্থিত সীমা, নদীতে সম্মত সীমা, সমুদ্রে সম্মত সীমা, জাতস্বরে সম্মত সীমা, নিজের সীমা দ্বারা পরের সীমাসম্ভেদ সীমা এবং নিজের সীমাদ্বারা পরের সীমা অবতরন সম্মত সীমা। এই এদাদশ প্রকার সীমাদ্বারা কর্ম্ম নষ্ট হয়। ইহাকে সীমা· বিপত্তি কর্ম্ম বলে।

পরিষদ বিপত্তি—'ইধ পঞ্চ সঙ্ঘো-চতুবগ্‌গো ভিক্‌খু সংঘো পঞ্চ বগ্‌গো ভিক্‌খুসঙ্ঘো দস বগ্‌গো ভিক্‌খুসঙ্ঘো বীসতি বগ্‌গো ভিক্‌খুসংঘো অতিরেক বীসতি বগে্‌গা ভিক্‌খু সংঘোতি পঞ্চ' *—এই শাসনে চতুবর্গ, পঞ্চবর্গ, দশবর্গ, বিংশতি বর্গ এবং অতিরিক্ত বিংশতি বর্গ ভেদে পঞ্চাবর্গ ভিক্ষু সংঘ আছে।

'তত্র ভিক্‌খবে স্বায়ং চতুবগে্‌গা ভিক্‌খুসংঘো ঠপেত্বা তীনি কম্মানি উপসম্পদং পবারনং অব্ভানং ধম্মেন সমগে্‌গা সব্ব কম্মেসু কম্মপত্তো' *—হে ভিক্ষুগণ, উক্ত পঞ্চবর্গ সংঘের মধ্যে উপসম্পদা কর্ম্ম, প্রবারনা কর্ম্ম, আব্‌হান কর্ম্ম, প্রভৃতি কর্ম্ম ত্রয় ব্যতীত ধর্ম্ম কর্ম্মদ্বারা সম্মিলিত চতুবর্গ সংঘ সমস্ত কর্ম্ম করিতে পারে।

'স্বায়ং পঞ্চ বগে্‌গা ভিক্‌খু সংঘো ঠপেত্বা দ্বে কম্মানি

মজ্‌ঝিম দেসেসু জন পদেসু উপসম্পদং অব্ভানং ধম্মেন সমগ্‌গো সব্বকম্মেসু কম্মপত্তো' *—মধ্যমদেশে উপসম্পদা এবং আহ্বান কর্ম্ম ব্যতীত ধর্ম্ম কর্ম্ম দ্বারা সম্মিলিত পঞ্চবর্গ সংঘ সমস্ত কর্ম্ম করিতে পারে। স্বায়ং দসবগ্‌গো ভিক্‌খুসংঘো ঠপেত্বা একং কম্মং অব্ভানং ধম্মেন সমগ্‌গ' সব্ব কম্মেসু কম্মপত্তো' * —আহ্বান কর্ম্ম ব্যতীত ধর্ম্ম কর্ম্ম দ্বারা সম্মিলিত দশবর্গ সংঘ সমস্ত কর্ম্মই করিতে পারে।

স্বায়ং বীর্যাত বগ্‌গো ভিক্‌খুসংঘো ধম্মেন সমগ্‌গো সব্‌ব কম্মেসু কম্মপত্তো' *—ধর্ম্ম কর্ম্ম দ্বারা সম্মিলিত বিংশতি বর্গ সংঘ সমস্ত কর্ম্ম করিতে পারে। বিংশতি বর্গ হইতে অধিক সংঘ করিতে পারে না। এমন কোন কর্ম্ম নাই অর্থাৎ সমস্ত কর্ম্মই করিতে পারে। উক্ত কর্ম্মে একজন কম হইলে কর্ম্ম নষ্ট হয় তদ্ধেতু তাহাকে পরিষদ বিপত্তি অধর্ম্ম বলে।

## সম্পত্তি

বস্তু সম্পত্তি, জ্ঞাপ্তি সম্পত্তি, কর্ম্ম বাক্য সম্পত্তি, সীমা-সম্পত্তি, পরিষদ সম্পত্তি ভেদে সম্পত্তি পাঁচ প্রকার।

পঞ্চ সম্পত্তির মধ্যে উপরে উক্ত বস্তু বিপত্তি না হইয়া পূর্ণ হওয়াকে বস্তু সম্পত্তি বলে। জ্ঞাপ্তি বিপত্তি না হইয়া পূর্ণ হওয়াকে জ্ঞাপ্তি সম্পত্তি কহে। কর্ম্ম বাক্য বিপত্তি না হইয়া

পূর্ণ হওয়াকে কর্ম্ম বাক্য সম্পত্তি কহে। সীমা বিপত্তি না হইয়া পূর্ণ হওয়াকে পরিষদ সম্পত্তি কহে।

## অবন্দনীয় পুদ্‌গল

'উক্খিত্তানুপসম্পন্না নানা সংবাস ইত্থিয়ো, নবোচ গরু কটেঠাচ পত্তকোচ অবন্দিয়ো' *—তিনজন উৎক্ষিপ্ত, অনুপসম্পন্ন (শ্রামনের ও গৃহি), নানা সংবাস কারী ভিক্ষু, স্ত্রীলোক, কনিষ্ঠ ভিক্ষু, সংঘাদিশেষ আপত্তি প্রাপ্ত ভিক্ষু এবং পণ্ডককে বন্দনা করিতে পারে না।

## কুলদূষক

'কুলদোষকোতি কুলং দূষেতি পুপ্ফেন বা ফলেন বা চুন্নেন বা মত্তিকায় বা দন্তকটেঠন বা বেলুযাব বজ্জিকায় বা জঙ্ঘপেসকেনব' *—যেই ভিক্ষু গৃহিকুলের শ্রদ্ধাকুল, ফল, চুর্ন, মৃত্তিকা, দন্তকাষ্ঠ, বেলুআদি দান, ঔষধ প্রদান ও সংবাদ লইয়া গমনাগমণ আদি এই অষ্টবিধ কর্ম্মদ্বারা নষ্ট করে তাহাকে কুলদূষক কহে।

## সমুত্থান

প্রথম পারাজিকা সমুত্থান, অদিন্নাদান সমুত্থান, সঞ্চরিত্ত সমুত্থান, সমনুভাষন সমুত্থান, কঠিন সমুত্থান, এলকলোম সমুত্থান,

পদ্দশঃ ধর্ম্ম সমুত্থান, অদ্ধান সমুত্থান, থেয়্য সমুত্থান, ধর্ম্ম দেশনা সমুত্থান ভূতারোচন সমুত্থান, চোরি বুট্‌ঠাপন সমুত্থান এবং অননুঞাত সমুত্থান, ভেদে আপত্তি সমুত্থান ত্রয়োদশ প্রকার।

'উক্ত তের প্রকার সমুত্থানের মধ্যে চোরি বুট্‌ঠাপন' এবং 'অননুঞাত সমুত্থান' ভিক্ষুনী বিভঙ্গে কথিত হইয়াছে। চোর স্ত্রী লোককে ভিক্ষুনী করা হেতু যেই আপত্তি হয় সেই আপত্তি 'চোরি বুট্‌ঠাপন' সমুত্থান নামে কথিত হয়। স্বামীর বিনয়ানুমতিতে স্ত্রী লোককে ভিক্ষুনী করিলে যেই আপত্তি হয় সেই আপত্তি অননুঞাত সমুত্থান কথিত হয়।

'যা কাযচিত্ততো সমুট্‌ঠতি অয়ং পারাজিকা সমুট্‌ঠান নাম' যেই আপত্তি কায়চিত্ত একবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় সেই আপত্তি প্রথম 'পারাজিকা' সমুত্থান বলিয়া কথিত হয়।

'যা সচিত্তকেহি তীহি সমুট্‌ঠানেহি সমুট্‌ঠাতি অয়ং অদিন্নদান সমুট্‌ঠান নাম'—যেই আপত্তি কায়চিত্ত, বাক্য চিত্ত এবং কায়বাক্য চিত্ত প্রভৃতি ত্রিবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় সেই আপত্তি 'অদিন্নদান' সমুত্থান বলিয়া কথিত হয়।

'যা ছহি সমুট্‌ঠাতি অয়ং পঞ্চবিত্ত সমুট্‌ঠানা নাম' যেই আপত্তি কায়বাক্য ও কায়বাক্য, কায়চিত্ত, বাক্যচিত্ত এবং

কায়বাক্যচিত্ত প্রভৃতি ছয় বিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় সেই আপত্তি 'সঞ্চরিত্ত' সমুত্থান বলিয়া হয়।

'যো একেনেব সমুট্‌ঠাতি অয়ং সমনুভাসনং সমুট্‌ঠানা নাম'—যেই আপত্তি কায়বাক্য চিত্ত একবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় সেই আপত্তি 'সমনুভাসন' সমুত্থান বলিয়া কথিত হয়।

'যা ততিয় ছটে্‌ঠহি সমুট্‌ঠাতি অয়ং কঠিন সমুট্‌ঠান নাম' —যেই আপত্তি কায়বাক্য এবং কায়বাক্য চিত্ত প্রভৃতি দ্বিবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় সেই আপত্তি কঠিন সমুত্থান বলিয়া কথিত হয়।

'যা পঠম চতুত্থোহি সমুট্‌ঠাতি অয়ং এলকলোম সমু-ট্‌ঠানানাম'—যেই আপত্তি কায় এবং কায়চিত্ত প্রভৃতি দ্বিবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় সেই আপত্তি 'এলকলোম' সমুত্থান বলিরা কথিত হয়।

'য়া দুতিয় পঞ্চমেহি সমুট্‌ঠাতি পদসোধম্ম সমুট্‌ঠান নাম' —যেই বাক্য এবং বাক্যচিত্ত প্রভৃতি দ্বিবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় সেই আপত্তি 'পদসধম্ম' সমুত্থান বলিয়া কথিত হয়।

'য়া পঠম ততিয় চতুত্থ ছটেঠহি সমুটঠাতি অয়ং অদ্ধান

সমুটঠান নাম'—যেই আপত্তি কায় কায়বাক্য, কায়চিত্ত এবং কায়বাক্য চিত্ত প্রভৃতি চতুর্ব্বিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় তাহা অদ্ধান সমুত্থান বলিয়া কথিত হয়।

'য়া চতুত্থোহি ছটে্ঠহি সমুট্ঠাতি অয়ং থেয়্য সত্থ সমুট্ঠান নাম'—যেই আপত্তি কায়বাক্য এবং কায়বাক্য চিত্ত প্রভৃতি দ্বিবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় তাহা 'থেয়্যসত্থ' সমুত্থান নামে কথিত হয়।

'য়া একেনেব সমুট্ঠাতি অয়ং ধম্মদেসনা সমুট্ঠান নাম' —যেই আপত্তি বাক্যচিত্ত একবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় তাহা 'ধম্মদেসনা' সমুত্থান বলিয়া কথিত হয়।

'য়া অচিত্তকেহি তীহি সমুট্ঠানেহি সমুট্ঠাতি অয়ং ভূতারোচনা সমুট্ঠান নাম'—যেই আপত্তি অচিত্তক কায়, বাক্য এবং কায়বাক্য প্রভৃতি ত্রিবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় তাহা 'ভূতবোচন' সমুত্থান বলিয়া কথিত হয়।

'য়া পঞ্চছটেঠাহি দ্বিহি সমুট্ঠানেহি সমুট্ঠাতি অয়ং চোরিবুট্ঠাপন সমুট্ঠান নাম'—যেই আপত্তি বাক্যচিত্ত এবং কায়বাক্যচিত্ত প্রভৃতি দ্বিবিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় তাহা 'চোরিবুট্ঠাপন' সমুত্থান বলিয়া কথিত হয়।

'য়া দুতিয় ততিয় পঞ্চম ছটে্ঠহি সমুট্ঠাতি অয়ং তাহা অননুঞাত সমুট্ঠান নাম'—যেই আপত্তি কায়, কায় বাক্য বাক্যচিত্ত এবং কায় বাক্য চিত্ত প্রভৃতি চতুর্ব্বিধ সমুত্থান হইতে উৎপন্ন হয় তাহা 'অননুঞাত' সমুত্থান বলিয়া কথিত হয়।

## বিপত্তি

শীল বিপত্তি, আচার বিপত্তি, আজীব বিপত্তি এবং দৃষ্টি বিপত্তি ভেদে বিপত্তি চতুর্ব্বিধ।

শীল বিপত্তি—'চত্তারি পারাজিকানি তেরস সংঘাদিসেসা অয়ং শীল বিপত্তি *—চারিটি পারাজিকা এবং তেরটি সংঘাদিশেষ আপত্তিকে শীল বিপত্তি বলে।

আচার বিপত্তি—'থুল্লচ্চয়ং পাচিত্তিয়ং পটিদেসনীয়ং দুক্কটং দুব্ভাসিতং অয়ং আচার বিপত্তি নাম' *—স্থূলাত্যয়, প্রায়শ্চিত্ত, প্রতিদেশনীয়, দুষ্কৃত, দুর্ভাষিত প্রভৃতি পঞ্চ আপত্তিকে আচার বিপত্তি বলে।

আজীব বিপত্তি—'আজীব হেতু পঞ্চাত্তানং ছন্নং সিক্খাপদানং বসেনাতি আজীব হেতু আজীব কারনা পাপিচ্ছো

* তেরসকং টীকা, * কঙ্খাবিতরনী।

ইচ্ছাপকতো অসন্তং অভূতং উত্তরি মনুস্স ধম্মং উল্লপতি আপত্তি পারাজিকস্স। আজীব হেতু আজীব হেতু আজীব কারনা সঞ্চরিত্তং সমাপজ্জতি আপত্তি সংঘদিসেসস্স, আজীব হেতু আজীব হেতু আজীব কারনা যো তে বিহারে বসতি সো ভিক্খু অরহাতি ভনাতি পটিবিজনন্তস্স আপত্তি থুল্ল-চায়স্স আজীব হেতু আজীব কারনা অঞাতিকা অপবারিতায় অগিলানো অত্তনো অত্থায় বিঞাপেত্বা ভূঞ্জতি আপত্তি পাচি-ত্তিয়স্স। আজীব হেতু আজীব কারনা ভিক্খুনীয়া পনীত ভোজনানি অগিলানো অত্তনো অত্থায় বিঞাপেত্বা ভূঞতি আপত্তি পটিদেসনীয়স্স। আজীব হেতু আজীব কারনা অঞাতক অপবারিতায় ভিক্খু সূপং বা বাঞনং বা অগিলানো অত্তনো অত্থায় বিঞাপেত্বা ভূঞ্জতি আপত্তি দুক্কটস্স, আজীব বিপত্তি পচ্চয় ইমা ছ আপত্তিয়ো আপজ্জতীতি এবং পরিবা পালিয়ং দস্সিতানং ছন্নং সিক্খাপদানং বসেন' *—জীবিকা নির্ব্বাহের জন্য স্বয়ং অপ্রাপ্ত ধ্যান-মার্গ-ফল প্রাপ্ত হইয়াছি বলিয়া প্রকাশ করিলে পারাজিকা আপত্তি হয়। জীবিকা নির্ব্বাহের জন্য বিবাহ কার্য্যে দূতালি করিলে সংঘাদিশেষ আপত্তি হয়। জীবিকা নির্ব্বাহের জন্য তোমার বিহারে যিনি বাস করেন তিনি অরহত্ বলিয়া' নিজকে উদ্দেশ করিয়া বলিলে এবং যাহাকে বলে সেও জানিলে স্থূলাত্যয় আপত্তি

---

* কঙ্খাবিতরনী।

হয়। জীবিকা নির্ব্বাহের জন্য অজ্ঞাতি এবং অনিমন্ত্রিত স্থান হইতে সুস্থ ভিক্ষু নিজের জন্য উত্তম ভোজন যাচ্ঞা করিয়া খাইলে প্রায়শ্চিত্ত আপত্তি হয়। জীবিকা নির্ব্বাহের জন্য ভিক্ষুনী হইতে সুস্থ ভিক্ষু নিজের জন্য ভাল খাদ্য ভোজ্য যাচ্ঞা করিলে প্রতিদেশনীয় আপত্তি হয়। 'জীবিকা নির্ব্বাহের জন্য অজ্ঞাতি এবং অনিমন্ত্রিত লোক হইতে সুস্থ ভিক্ষু নিজের জন্য সূপ ও ব্যঞ্জন যাচ্ঞা করিলে দুষ্কৃত আপত্তি হয়। জীবিকা নির্ব্বাহের জন্য এই ষড়বিধ আপত্তি প্রাপ্ত হয় বলিয়া পরিবারপুস্তকে উক্ত হইয়াছে। এই ছয়টি আপত্তিকে আজীব বিপত্তি বলে।

দৃষ্টি বিপত্তি—'মিচ্ছাদিট্‌ঠি অন্তগাহিক দিট্‌ঠি অয়ং দিট্‌ঠি নাম' *—মিথ্যাদৃষ্টি ও অন্তঃগ্রাহিক দৃষ্টিকে দৃষ্টি বিপত্তি বলে।

## উৎক্ষেপনীয় কর্ম্ম

'আপত্তিয়া অদস্সনেন উক্খিত্তকো আপত্তিয়া অপ্পটিকম্মেন উক্খিত্তকো পাপিকায় দিট্‌ঠিয়া অপ্পটিনিস্সগ্গেন উক্খিত্তকো' *—আপত্তি দর্শন না করায় সংঘ কর্ত্তৃক উৎক্ষিপ্ত, প্রাপ্ত আপত্তির প্রতিকার না করায় সংঘ কর্ত্তৃক উৎক্ষিপ্ত এবং মিথ্যা ধারনা

* কঙ্খাবিতরনী।

ত্যাগ না করায় সংঘ কর্ত্তৃক উৎক্ষিপ্ত, এই ত্রিবিধ কর্ম্ম উৎক্ষেপনীয় কর্ম্ম নামে কথিত হয়।

## প্রবজ্জনীয় কর্ম্ম

অশ্বজি ও পুনব্বসুক প্রভৃতি ষড়বর্গীয় ভিক্ষুগণ দায়কদিগকে ফল পুষ্পাদি দান দ্বারা কুলদূষক কর্ম্ম করায় সংঘ তাহাদিগের যেই কর্ম্ম করিয়াছিলেন সেই কর্ম্মকে প্রবর্জ্জনীয় কর্ম্ম কহে।

বর্জ্জনীয় পুদগল—গহটে্ঠা পণ্ডকো ভিক্‌খুনী সিক্‌খামানা সামনেরো সামনেরী সিক্‌খাপচ্চক্‌খাদয়ো অন্তিম বথু অজ্‌ঝাপন্নকো আপত্তি অদস্সেনেন উক্খিত্তকো আপত্তিয়া অপ্পটিকম্মেন উক্খিত্তকো পাপিকায় দিট্‌ঠিযা অপ্পটিনিস্সগ্‌গেন উক্খিত্তকো থেয্যসংবাসকো তিত্থিয়া পক্‌খন্তকো তিরচ্ছানগতো মাতুঘাতকো পিতু ঘাতকো অরহন্ত ঘাতকো ভিক্‌খুনী দুসকো সংঘভেদকো লোহিতুপ্পাদকো উভতো ব্যঞ্জনেকোতি' *—গৃহি পণ্ডক, ভিক্ষুনী, শিক্ষামানা, শ্রামনের, শ্রামনেরী, শিক্ষাত্যাগ কারী, পারাজিকা প্রাপ্ত ব্যক্তি, ত্রিবিধ উৎক্ষিপ্তক, চৌর্য্য সহ বাসবতির্থীয় প্রস্থানক, তির্য্যগ, মাতৃঘাতী, পিতৃঘাতী, অরহন্ত ঘাতী, ভিক্ষুনী দূষক, সংঘ ভেদক, বুদ্ধের রক্তোৎপাদক, উভয়

* কঙ্খাবিতরনী।

ব্যঞ্জনক প্রভৃতি এই একবিংশতি ব্যক্তি বর্জ্জনীয় পুদ্গল নামে কথিত হয়।

উক্ত একবিংশতি জনের মধ্যে 'ত্রিবিধে উক্খিত্তকে সাত উপোসথং করোন্তো সংঘো পাচিত্তিয়ং আপর্জ্জতি' *—সংঘ কর্ত্তৃক উৎক্ষিপ্ত ভিক্ষু উপোসথের সময় আড়াই হাতের ভিতর থাকিলে উপোসথ কর্ম্মকারী সংঘ প্রায়শ্চিত্ত আপত্তি প্রাপ্ত হয়। অবশিষ্ট অষ্টাদশজন আড়াই হাতের মধ্যে থাকিলে উপোসথ কর্ম্মকারী সংঘ দুষ্কৃত আপত্তি প্রাপ্ত হয়।

'তে হত্থপাসতো বহিকরন বসেন বজ্জেতব্বো' —সেই একবিংশতি জনকে আড়াই হাতের বাহির করিতে হয় বলিয়া তাহারা বর্জ্জনীয় নামে কথিত হয়।

'তিত্থিয়া গহটে্ঠনেব সঙ্গহিতা'—তির্থীয়েরা গৃহির মধ্যে গন্য বলিয়া জানিবে।

'তিরচ্ছানগতো যস্স উপসম্পদা পটিক্খিত্তা' —যাহার উপসম্পদা নিবারিত হইয়াছে তাহাকে তির্য্যেগ বলে। সেও বর্জ্জনীয় পুদ্গলের মধ্যে গন্য। বর্জ্জনীয়ের মধ্যে গন্য হইলেও ক্ষুদ্র মক্ষিকাদি আড়াই হাতের মধ্যে থাকিলেও উপসথ কর্ম্ম-কারী সংঘের আপত্তি নয় না।

---

* সামন্ত পাসাদিকা।

কারন 'মক্খিাদয়ো অন্তোহাহারিকা' —মক্ষিকাদি ক্ষুদ্র প্রাণী আপত্তির অঙ্গ নয়।

আমিত্ত পণ্ডক, উস্সুয় পণ্ডক, ওপক্কমিক পণ্ডক, পক্ষ পণ্ডক এবং ন পুংসক পণ্ডক ভেদে পণ্ডক পাঁচ প্রকার।

উক্ত পাঁচ প্রকারের মধ্যে অন্যের পুরুষাঙ্গ মুখে চুষিয়া শুক্রদ্বারা মুখ সিক্ত হইলে যাহার কাম দাহ উপশম হয় তাহাকে আমিত্ত পণ্ডক কহে।

অন্যের ব্যভিচার দেখিয়া যাহার উৎপন্ন কাম দাহ উপশম হয় তাহাকে উস্সুয় পণ্ডক কহে।

উপক্রমে যাহার বীজ অপনীত হয়। তাহাকে ওপক্কমিক পণ্ডক কহে।

পাপফল হেতু কৃষ্ণপক্ষে পণ্ডক হইয়া শুক্লপক্ষে যাহার কামদাহ উপশম হয় তাহাকে পক্ষ পণ্ডক কহে।

যেই ব্যক্তি প্রতিসন্ধি হইতেই ক্লীব হইয়া তাহাকে নপুংসক পণ্ডক কহে।

---

* কঙ্খাবিতরনী, * সামন্ত পাসাদিকা।

উক্ত পঞ্চবিধ পণ্ডকের মধ্যে 'আসিত্ত পণ্ডকঞ্চ উস্সূয় পণ্ডকঞ্চ ঠপেত্বা ওপক্কমিক নপুংসক পণ্ডকো পণ্ডকভাব পক্খে-ঠিতো পণ্ডকো ইধ অধিপ্পেতো, *—আসিত্ত পণ্ডক ও উস্সূয় পণ্ডকদ্বয় ব্যতীত ওপক্কামিক পণ্ডক, নপুংসক পণ্ডক ও পক্ষ পণ্ড কই এখানে অভিপ্রেত।

'সিক্খং পচ্চক্খায় ন মং কোচি জানাতীতি পুন এবং পটিয়জানন্তো'—যেই ভিক্ষু নিজের সজীব শিক্ষা পরিত্যাগ করিয়া আমাকে কেহ জানে না' এই মনে করিয়া পুন ভিক্ষুর কার্য্য করে তাহাকে শিক্ষা পরিত্যাগী করে।

'ঠপেত্বা পন মনুস্স জাতিং অবসেসো সব্বোপি তির-চ্ছানগতো নাম'—মনষ্য ব্যতীত দেব-ব্রহ্মাদি পর্যন্ত সকল প্রাণীকে তির্য্যগ বলে।

'থেয়্য সংবাসকো পন তিবিধো'—লিঙ্গথেনকো সংবাসক থেনকো উভয় থেনকোতি' —চৌর্য্য সংবাসক লিঙ্গ থেনক, সংবাসক থেনক এবং উভয় থেনক ভেদে ত্রিবিধ।

সেই ত্রিবিধের মধ্যে 'সয়ং পব্বজিত্বা বিহারং গন্ত্বা ন ভিক্খুবস্সানি গনেতি গনেতি, ন' যথাবুড্ডং বন্দনং সদায়তি,

---

* সমন্ত পাসাদিকা, * কঙ্খাবিতরনী, * কঙ্খাবিতরনী।

ন আসনেন পটিবাহতি, ন উপোসথ পবারনাদীসু সন্দিস্সতি অয়ং লিঙ্গমত্তস্সেব থেনিতত্তা লিঙ্গ থেনকো নাম' *—যেই ব্যক্তি স্বয়ং প্রব্রজিত হইয়া ভিক্ষুবর্ষ গননা না করে, ভিক্ষু শ্রামনেরদের বন্দনা গ্রহণ না করে, তাহাদের প্রদত্ত আসনে উপবেশন না করে এবং উপোসথ প্রবারনাদি কর্ম্ম না করে সেই ব্যক্তি অশুদ্ধ চিত্তে লিঙ্গ (চিহ্ন) মাত্র চুরি করায় লিঙ্গ থেনক বলিয়া কথিত হয়।

'য়ো পন ভিক্খুহি পব্বজিতো সামনেরো সমানে কাস-য়ানি অপনেত্বা তেসু স উস্সহো মেথুনং ধম্মং পটিসেবিত্বা পন নিবাসেত্বা সামনের ভাবং পটিজানাতি অয়ং ভিক্খুহি দিন্নং লিঙ্গস্স অপরিতেত্তা ন লিঙ্গ-থেনকো, লিঙ্গ রূপস্স সংবাসস্স সাদিতত্তা নপি সংবাস থেন:কা' *—যেই ব্যক্তি ভিক্ষু কর্ত্তৃক প্রব্রজিত শ্রামনের হইয়া 'চীবর পুনঃ গ্রহণ করিব' বলিয়া মনে ধারনা করতঃ চীবর অপনয়ন পুর্ব্বক উৎসাহের সহিত কামক্রীড়া করে এবং পুনঃ চীবর পরিধান করিয়া শ্রামনের বলিয়া পরিচয় দেয়, সেই ব্যক্তি ভিক্ষু প্রদত্ত লিঙ্গ ( চিহ্ন ) পরিত্যাগ না করায় লিঙ্গ থেনক বলিয়া কথিত হয় না এবং লিঙ্গানুরূপ সংবাস করা হেতু সংবাস থেনক বলিয়াও কথিত হয় না। পারাজিকা প্রাপ্ত ব্যক্তিও এইরূপ বলিয়া জানিবে।

---

* কঙ্খাবিতরনী, * কঙ্খাবিতরনী, * কঙ্খাবিতরনী।

'য়ো ভিক্খুহি পব্বজিতো সামনেরেরা সমানো পি বিদেসং গন্ত্বা অহং দসবস্সো বা বীসতি বাস্সোবাতি মুসাবত্বা ভিক্খু বস্সানি গনেতি, য়থাবুড়চং বন্দনং সদায়তি, আসনেন পাটি-বাহতি উপোসথং পবারনাদীসু সন্দিস্সতি অয়ং সংবাস মত্তস্সেব থেনিতত্তা সংবাস থেনকো নাম' *—যেই ব্যক্তি ভিক্ষু কর্ত্তৃক প্রব্রজিত হইয়া বিদেশে গমন করতঃ 'আমি দশবর্ষ' বিংশতি বর্ষ' হইয়াছি বলিয়া ভিক্ষু বর্ষ গণনা করে, বৃদ্ধদিগের বন্দনা গ্রহণ করে, তৎপ্রদত্ত আসনে উপবেশন করে, তাহাদের সঙ্গে উপোসথ প্রবাবনাদি কর্ম্ম করে সেই ব্যক্তি সংবাস মাত্র চুরি করায় সংবাস থেনক বলিয়া কথিত হয়।

'য়ো পন সয়ং পব্বজিত্বা বিহারং গন্ত্বা ভিক্খু বস্সানি গণোতি, য়থাবুড্ঢ বন্দনং সদায়তি, আসনেন পটিবাহতি, উপোসথ পবারনাদীসু সন্দিস্সতি অয়ং লিঙ্গস্স চেব সংবাসস্স থেনিতত্তা উভয় থেনকো নাম' *—যেই ব্যক্তি স্বয়ং প্রব্রজিত হইয়া বিহারে যাইয়া ভিক্ষু বর্ষ গণনা করে, বৃদ্ধদের বন্দনা গ্রহণ করে, তৎপ্রদত্ত আসনে উপবেশন করে, তাহাদের সঙ্গে উপোসথ প্রবারনাদি কর্ম্ম করে সেই ব্যক্তি লিঙ্গ ও সংবাস উভয় চুরি করায় উভয় থেনক বলিয়া কথিত হয়।

---

* কঙ্খাবিতরনী, * কঙ্খাবিতরনী, * সমন্ত পাসাদিকা, * সমন্ত পাসাদিকা।

'য়ো পন উপসম্পন্নো তিত্থিয় ভাবং পত্থায়মানো সয়ং বাকুসচীবরাদিকং তিত্থিয় লিঙ্গং আদীয়তি, তেসং বা সন্তিকে পবাজ্জতি, নগ্গো বা হুত্বা আজীবকানং সন্তিকং গন্ত্বা তেসং বত্তানি আদীয়তি অয়ং তিত্থিয় পক্‌খন্তকো নাম' *—যেই উপসম্পন্ন ভিক্ষু তির্থীয়ত্ব প্রার্থনা করিয়া স্বয়ং কুশ চীবরাদি পরিধান করতঃ তির্থীয়দের লিঙ্গ (চিহ্ন) গ্রহণ করে কিম্বা তাহাদের নিকট যাইয়া তির্থীয় প্রব্রাজ্যায় প্রব্রজিত হয় অথবা নগ্ন হইয়া তাহাদের নিকট যাইয়া তাহাদের ব্রতাদি গ্রহণ করে, সেই ব্যক্তি তির্থীয় প্রস্থানক বলিয়া কথিত হয়।

'মনুস্স জাতিয়া জনেত্তি সয়ংপি মনুস্সভূতেনেব সঞ্চিচ্চ জীবিতা বোরোপিতা অয়ং মাতুঘাতকো নাম' *—যেই ব্যক্তি সজ্ঞানে মানবী মাতার জীবন বা জীবিতেন্দ্রিয় নাশ করে যে ব্যক্তি মাতৃঘাতী বলিয়া কথিত হয়। 'মনুস্স জাতিক' এই শব্দ দ্বারা বুঝাইতেছে যে, স্বয়ং মানব মাতাও মানবী হইলেই তাহাকে হত্যা করিলেই মাতৃঘাতী হইতে হয়। কিন্তু স্বয়ং মনুষ্য জাতি মাতা তির্য্যগ, জাতি অথবা মাতা মনুষ্য জাতি স্বয়ং তির্য্যগ জাতি হয় তাহা হইলে মাতৃ হত্যা করিলেও মাতৃঘাতী বলিয়া কথিত হয় না। পিতৃঘাতীও উক্ত নিয়মে জানিবে।

---

* সামন্ত পাসাদিকা, * সুমঙ্গল বিলাসিনী, * চুল বগ্গো।

'যেন অন্তমাসো গিহিলিঙ্গে ঠিতোপি মনুস্স জাতিকো খীনা সব্বো সঞ্চিচ্চ জীবিতা বোরোপিতো অয়ং অরহন্ত ঘাতকো নাম' *—যেই ব্যক্তি সজ্ঞানে অন্তত; গৃহিবেশে স্থিত অরহতের জীবনও নাশ করে সে অরহত ঘাতক বলিয়া কথিত হয়। বুদ্ধ শাসনে প্রব্রজ্যা বেশে স্থিত অরহন্তকে হত্যা করিলেত কথাই নাই।

'য়ো পন পকতত্তাং ভিক্খুনিং তিন্নং মগ্গনং অঞ্ঞতরস্মিং মগ্গে দুসেতি অয়ং ভিক্খুনি দূসকো নাম' *—যেই ব্যক্তি প্রকৃত ভিক্ষুনীর গুহ্য, প্রস্রাব এবং মুখ এই ত্রিবিধ মার্গের মধ্যে যে কোন মার্গে বলৎকার বা কামক্রীড়া করে সেই ব্যক্তি ভিক্ষুনী দূষক নামে অভিহিত হয়।

'য়ো দেবদত্তো বিয়া সাসনং উদ্ধম্মং উব্বিনয়ং কত্বা চতুন্নং কম্মানং অঞ্ঞতরবসেন সংঘং ভিন্দতি অয়ং সংঘ ভেদকো নাম' *—যে ব্যক্তি দেবদত্তের ন্যায় বুদ্ধ শাসন ধর্ম্মকে অধর্ম্ম, অধর্ম্মকে ধর্ম্ম, বিনয়কে অবিনয় এবং অবিনয়কে বিনয় বলিয়া প্রকাশ করিয়া অপলোকন কর্ম্ম, জ্ঞাপ্তি কর্ম, জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম এবং জ্ঞাপ্তি চতুর্থ কর্ম প্রভৃতি চতুর্ব্বিধ কর্ম্মের মধ্যে যে কোন কর্ম দ্বারা সংঘকে ভেদ করে সেই ব্যক্তি সংঘ ভেদক বলিয়া কথিত হয়।

* চুলবগ্গো, * চুলবগ্গো।

'য়ো দেবদত্তোবিয় দুট্ঠচিত্তেন বধকচিত্তেন তথাগতস্স জীবমানা সরীরে খুদ্দক মক্খিকায় পিবনমত্তং পি লোহিতং উপ্পাদেতি অয়ং লোহিতুপ্পাদকোনাম' *—যে ব্যক্তি দেবদত্তের ন্যায় হত্যা করিবার ইচ্ছায় বুদ্ধের বিজ্ঞানশালী সুবর্নবর্ণ শরীর হইতে ক্ষুদ্র মক্ষিকা পান করিতে পারে মত বিন্দুমাত্রও রক্ত পাত করে সে লোহিতুৎপাদক বলিয়া কথিত হয়।

'যস্স হত্থি নিমিত্তুপ্পাদক কম্মতোচ পুরিস নিমিত্তুপ্পাদন কম্মতোচ উভতো দুবিধং ব্যঞ্জনং অত্থি অয়ং উভতো ব্যঞ্জনকো নাম' *—যাহার স্ত্রীলিঙ্গ উৎপাদনকারী এবং পুংলিঙ্গ উৎপাকারী উভয় কর্ম্মহেতু উভয় লিঙ্গই উৎপন্ন হয় তাহাকে উভয় ব্যঞ্জনক বলে। এই একবিংশতি ব্যক্তি বর্জ্জনীয় বলিয়া কথিত হয়।

## শিক্ষা

অধিশীল শিক্ষা, অধিচিত্ত শিক্ষা এবং অধিপ্রজ্ঞা শিক্ষা ভেদে শিক্ষা ত্রিবিধ।

সেই ত্রিবিধ শিক্ষার মধ্যে 'পাতিমোক্খ সংবর সীল পন অধিসীলন্তি বুচ্চতি' *—সপ্তবিধ আপত্তিসম্বর কারী প্রাতিমোক্ষ

---

* চুলবগ্গো, * চুলবগ্গো।

সম্বর শীলকে অধিশীল শিক্ষা কহে।

'বিপস্সনা পাদকং অট্ঠ সমাপত্তি চিত্তং অধিচিত্তন্তি বুচ্চতি' *—বিদর্শন পাদক অষ্টবিধ সমাপত্তিকে অধিচিত্ত শিক্ষা কহে।

'তিলক্খনকার পরিচ্ছেদ ঞানং অধিপঞ্ঞাতি বুচ্চতি' * অনিত্য, দুঃখ এবং অনাত্ম এই ত্রিবিধ জ্ঞান পরিচ্ছেদকে অধিপ্রজ্ঞা শিক্ষা কহে। অথবা 'অধিসীলোতি পাতিমোক্খ সীলে, অধিচিত্তেতি লোকিয় সমাধি ভাবনায় অধিপঞ্ঞাতি লোকুত্তর মগ্‌গ ভাবনায় সকন্ত্যে হোন্তি' * অধিশীল অর্থ—প্রাতিমোক্ষ শীল, অধিচিত্ত অর্থ—লৌকিক ভাবনা, অধিপ্রজ্ঞা অর্থ—লোকুত্তর মার্গ ভাবনা।

## অধিকরন

বিবাদাধিকরন, অনুবাদাধিকরন, আপত্য অধিকরন এবং কৃত্যাধিকরন ভেদে অধিকরন চারি প্রকার।

বিবাদাধিকরন—ইধ ভিক্খু বিবাদন্তি দীপেন্তি, অধম্মং ধম্মোতি, অবিনয়ং বিনয়োতি, বিবাদেন্তি দীপেন্তি, অভাসিত ভাসিতন্তি, বিবাদেন্তি দীপেন্তি, অনাচিন্নং আচিন্নন্তি বিবাদেন্তি

* চুলবগ্‌গা, * চুলবগ্‌গা, * চুলবগ্‌গা।

দীপেন্তি অপঞত্তং পঞত্তন্তি বিবাদেন্তি দীপেন্তি, অনাপত্তি আপত্তীতি বিবাদেন্তি দীপেন্তি, লহুক আপত্তি গরুকা আপত্তীতি বিবাদেন্তি দীপেন্তি, সাবসেসা আপত্তি অনবসেসা আপত্তীতি বিবাদেন্তি দীপেন্তি, দুট্ঠুল্লা আপত্তি অদুট্ঠুল্লা আপত্তীতি বিবাদেন্তি দীপেন্তি, ইদং বিবাদাধিকরনং নাম' *—এই বুদ্ধ শাসনে ভিক্ষুরা অধম্মকে ধম্ম বলিয়া বিবাদ এবং প্রচার করে, অবিনয়কে বিনয় বলিয়া, ভগবান যাহা দেশনা করেন নাই, তাহা দেশনা করিয়াছেন বলিয়া, শাস্তা যাহা আচরণ করেন নাই তাহা আচরণ করিয়াছেন বলিয়া, ভগবান যাহা প্রজ্ঞাপ্ত করেন নাই তাহা প্রজ্ঞাপ্ত করিয়াছেন বলিয়া, বিবাদ এবং প্রচার করে, যাহা করিলে আপত্তি হয় না তাহা করিলে আপত্তি হয় বলিয়া, অবশিষ্ট আপত্তিকে অনবশিষ্ট আপত্তি বলিয়া দুস্থূল আপত্তিকে অদুস্থূল আপত্তি বলিয়া আপত্তি বিবাদ এবং প্রচার করে, ইহাকে বিবাদাধিকরন বলে।

অনুবাদাধিরন—ইধ ভিকখু ভিক্খু অনুবদন্তি সীলবিপত্তিয়া বা আচার বিপত্তিয়া বা দিটিঠ বিপত্তিয়া বা আজীব বিপত্তিয়া বা তি বুত্তং কস্সচি বিপত্তিয়া দিট্ঠদীনি অনুগন্ত্বা সীল বিপত্তি আদীহি বদন চোদনা অনুবাদাধিকরনং নাম' *—এই শাসনে ভিক্ষুরা অন্য ভিক্ষুকে শীলবিপত্তি, আচার বিপত্তি, দৃষ্টি বিপত্তি,

* চুলবগ্গো।

বা জীবিকা বিপত্তির মধ্যে যে কোন বিপত্তির দ্বারা প্রকাশ করে। এইরূপ দেসিতানুযায়ী কোন একটি বিপত্তি দৃষ্টাদিতে অনুগমন করিয়া শীল বিপত্তি আদিদ্বারা বলা বা প্রকাশ করাকে অনুবাদাধিকরন বলে।

আপত্ত্যধিকরনং—'আপত্তাধিকরনং নাম সত্ত আপত্তিয়ো মতা সত্ত আপত্তিয়ো বা অধিপ্পেতো, ইদং আপত্ত্যধিকরনং নাম' *—সাত প্রকার আপত্তি স্কন্ধকে আপত্ত্যধিকরন বলে। সপ্তবিধ আপত্তিই এস্থলে অভিপ্রেত।

কৃত্যাধকরন—'অপলোকন কম্মাদীনি চত্তারি সংঘ কম্মানি কিচ্চধিকরনং নাম' *—অপলোকন আদি চতুর্ব্বিধ সংঘ কর্ম্মকে কৃত্যধিকরন বলে।

## শমথ

'সম্মুখো বিনয় সমথোচ, সতি বিনয় সমথোচ অমূল বিনয় সমথো চ পটিঞ্ঞায় সমথোচ যেভূয্যসিকা সমথোচ তস্স পাপিয়সিকা সমথোচ, তিন বথারন সমথোচ সত্তিমে সমথা সব্ব ভিক্খুহী বিঞ্ঞতব্ব।' *—সম্মুখ বিনয় শমথ, স্মৃতি বিনয় শমথ, অমূঢ় বিনয় শমথ, প্রতিজ্ঞা দ্বারা শমথ, য়েভূয্যসিকা শমথ, তস্স পাপয়সিকা শমথ, এবং তৃন বথারন শমথ ভেদে

* চুলবগ্গে পা।

শমথ এই সাত প্রকার।

সেই সপ্তবিধ শমথের মধ্যে 'বিবাদাকরনং সম্মুখা বিনয়েন সমথেন বা যেভূয্যসিকায় সমথেন বা দ্বীহি সমথেহি বুপ সমতব্বং' *—বিবাদাধিকরন সম্মুখ বিনয় শমথ দ্বারা বা য়েভূয়্যসিকা শমথ দ্বারা উপশম করিবে। সম্মুখ বিনয় শমথ ও সংঘ সম্মুখ, ধর্ম্ম সম্মুখ, বিনয় সম্মুখ এবং পুদ্গল সম্মুখ ভেদে চতুর্ব্বিধ।

'কারক সংঘস্স সামগ্গি বসেন সম্মুখিভাবো সংঘ সম্মুখতা'—সম্মিলিত কারক সংঘের সম্মুখত্বকে সংঘ সম্মুখ কহে।

'সমেতব্বস্স বত্থুনো ভূতত্তা ধম্মসম্মুখতা'—উপশামতব্য বস্তুর সত্যতাকে ধর্ম্ম সম্মুখ বলে।

'চোদনা সরনা পুগ্গলস্স সম্মুখতা বিনয় সম্মুখতা নাম' *—প্রকাশ করিয়াছে বলিয়া স্মরণ কারী পুদ্গলের সম্মুখত্বকে বিনয় সম্মুখ বলে।

'য়ো বিবদতি যেন বিবাদেতি তেসং উভিন্নং অত্ত পচ্চত্তিকানং সম্মুখিভাবো পুগ্গল সম্মুখতা নাম' *—যে বিবাদ করে, যে কারনে বিবাদ করে এবং যাহা দ্বারা বিবাদ করায়

---

* পারাজিকা, * পারাজিকা, * পারাজিকা, * খুদ্দসিক্খা

বাদী বিবাদী উভয়ের সম্মুখত্বকে পুদ্গল সম্মুখ বলে।

'অনবাদাধিকরনং সম্মুখ বিনয়েন চ সতি বিনয়েন চ অমূল বিনয়েন চ তথ যেভূয়্যসিকা সমথেন পি চতুহি সমথেহি বুপসমেতব্বং' *—অনবাদাধিকরন সম্মুখ বিনয় শমথ, স্মৃতি বিনয় শমথ, অমূঢ় বিনয় শমথ, 'যেভূয়্যসিকা' শমথ প্রভৃতি চতুর্ব্বিধ শমথ দ্বারা উপশম হয় বলিয়া জানিবে।

সেই চতুর্ব্বিধ শমথের মধ্যে 'লহুকা আপত্তি আপজ্জিত্বা সংঘে বা গণে বা পুদ্গলে বা দেসনায় সম্মুখ বিনয়েন সমথা সম্মুখ বিনয়ো নাম' *—লঘু আপত্তি সংঘ, গণ কিংবা ব্যক্তি বিশেষের সম্মুখে করিয়া উপশম হয় বলিয়া তাহাকে সম্মুখ বিনয় বলে।

'সতি বেপুল্লপত্তস্স খীনসবস্স কতা অমূলকা সীল বিপত্তি চোদনা সম্মুখ বিনয়েন চ কম্ম বাচায়ং ছিন্নেন সতি বিনয়েন সমথা সতি বিনয় সমথো নাম' *—স্মৃতি বিভ্রম বশতঃ অরহতের কৃত মিথ্যা শীল বিপত্তিকে চোদনা (প্রকাশ) সম্মুখ বিনয় শমথ কর্ম্ম বাক্য দান এবং স্মৃতি বিনয় শমথ দ্বারা উপশম হওয়াকে স্মৃতি বিনয় শমথ বলে।

'উম্মত্তকস্স ভিক্খুনো কতা আপত্তি চোদনা সম্মুখ বিনয়েন

---

* সীলক্খুন্নু, * সীলক্খুন্নু।

চ দিন্নেন অমূল্‌ বিনয়েন চ বূপসমা অমূল বিনয় সমথো নাম' ✻—উন্মত্ত ভিক্ষুর কৃত আপত্তি চোদনা (প্রকাশ) সম্মুখ উপদেশ দ্বারা এবং প্রদত্ত অমূঢ় বিনয় দ্বারা উপশম হওয়াকে অমূঢ় বিনয় শমথ বলে।

'ভণ্ডন জাতানং অধিকরনং বূপসমেতুং অসক্কোনেয্যতা সংঘে ধম্ম বাদীনং বহুত্তং বা অপ্পকত্তং বা দানিতুং বক্‌খমান কালে বহুত্তং পুগ্‌গলানং বা বূপসমা যেভূয্যসিকা সমথো নাম' ✻—কলহ হেতু উৎপন্ন অধিকরন উপশম করিতে অসমর্থ সংঘে ধর্ম্ম বাদী ব্যক্তিদের বহুত্ব এবং অল্পত্ব জানিবার জন্য ভোট গ্রহণ করিলে যেই পক্ষে ভোটের সংখ্যা অধিক হয় সেই পক্ষের মতানুযায়ী মিমাংসা হওয়াকে য়েভূয্যসিকা শমথ বলে।

আপত্তাধিকরনং সম্মুখ বিনয় সমথেন পটিঞাতকরন তিন বত্থারেন সমথে বা তীহি সমথেহি বূপসমেতব্বং' ✻—আপত্ত্যধিকরন সম্মুখ বিনয় শমথ, পটিঞাত করন শমথ এবং তিন বত্থারন শমথ প্রভৃতি ত্রিবিধ শমথ দ্বারা উপশম হয়। উক্ত ত্রিবিধ শমথের মধ্যে সম্মুখ বিনয় শমথ পুর্ব্বোক্তে নিয়মে জানিবে। লহুকাপত্তিং আপজ্জিত্বা সংঘে বা গণে বা পুগ্‌গলে বা দেসনায় সম্মুখে পটিঞাত করনেন চ বূপসমা পটিঞাত

---

✻ সীলক্‌খন্ধ, ✻ সীলক্‌খন্ধ, ✻ বিনয় সঙ্গহে',
✻ বিনয় সঙ্গহো।

করন সমথো নাম' *—লঘু আপত্তি প্রাপ্ত হইয়া সংঘ, গণ কিংবা পুদ্গলের নিকট দেশনারূপ সম্মুখ প্রতিজ্ঞা দ্বারা উপশম হওয়াকে 'পটিঞাত করন' শমথ বলে।

'ভণ্ডন বহু অসমনজ্ঝাচারো কোসম্ভক ভিক্খুনং বিয় বিনয় সম্মুখেন চ তিনবত্থারেন বূপসমা তিনবথারন সমথো নাম' *—কলহকারী অশ্রমন আচরণ শীল কৌশম্ভীবাসী ভিক্ষুদের ন্যায় সম্মুখ উপদেশ দ্বারা এবং অপরিশুদ্ধ স্থান তৃন দ্বারা আচ্ছাদন করিয়া আসন স্থাপন সদৃশ পূর্ব্ব কথা চাপা দিয়া কলহ উপশম করাকে 'তিনবত্থাবন' শমথ বলে।

'কিচ্চাধিকরনং একেন সম্মুখ বিনয়েন বূপসমেতব্বা অপলোকন কম্মং ঞাত্তি কম্মং ঞত্তি দুতিয় কম্মং ঞত্তি চতুত্থ কম্মং চতুন্নং সম্মুখানং একেন বূপাসমা বিনয় সমথো নাম' *—কৃত্যাধিকরন কেবল মাত্র সম্মুখ বিনয় দ্বারা উপশম হয়। অপলোকন কর্ম্ম, জ্ঞাপ্তি কর্ম্ম, জ্ঞাপ্তি দ্বিতীয় কর্ম্ম এবং জ্ঞাপ্তি চতুর্থ কর্ম্ম প্রভৃতি চারিটি সম্মুখের মধ্যে যে কোন একটা সম্মুখ দ্বারা উপশম হওয়াকে সম্মুখ বিনয় শমথ বলে।

---

* অনুনাসিকন্তং কত্বা দানকালে অন্তরাবিচ্ছেছো ন কাতব্বা সম্বন্ধানীতি আহ'—অনুস্বরান্ত করিয়া দিবার সময় অধ্য পদ বিচ্ছেদ না করিয়া সম্বন্ধ করিয়া দিবে।—বিনয় লকার টীকা, * বিনয় লকার টীকা, * বিনয় লকার টীকা।

## মার্গ

মনুস্সামনুস্স তিরচ্ছানগতভূতা তিস্সো ইত্থিয়ো হোন্তি, তাসং বচ্চ মগ্‌গ পসাব মগ্‌গ মুখ বসেন তয়ো তয়ো কত্বা নব মগ্‌গা' *—মনুষ্য, অমনুষ্য এবং তির্য্যগ ভেদে ত্রিবিধ স্ত্রী, তাহাদের গুহ্য, প্রস্রাব এবং মুখমার্গ ৩×৩ করিয়া নয়টি মার্গ। 'তথা মনুস্সামনুস্স তিরচ্ছান গতানং তিন্নং উভতো ব্যঞ্জনানং পি হোন্তি' *—সেইরূপ মনুষ্য, অমনুষ্য এবং তির্য্যগ ভেদে ত্রিবিধ উভয় ব্যঞ্জনেরও ৩×৩ করিয়া নয়টি মার্গ। 'মনুস্সামনুস্স তিরচ্ছান গত ভূতা তয়ো পুরিস হোন্তি, তেসং বচ্চ মগ্‌গ মুখমগ্‌গ বসেন দ্বেদ্বে কত্বা ছমগ্‌গা' * —মনুষ্য, অমনুষ্য, তির্য্যগ ভেদে ত্রিবিধ পুরুষের গুহ্য ও মুখ মার্গ ৩×২ করিয়া ছয়টি মার্গ। তথা মনুস্সামনুস্স তিরচ্ছান গতানং পণ্ডকমস্তি' *—সেইরূপ মনুষ্য, অমনুষ্য, তির্য্যগ ভেদে ত্রিবিধ পণ্ডকের গুহ্য ও মুখমার্গ ৩×২ করিয়া ছয়টি মার্গ।

ত্রিবিধ স্ত্রীর ৯ মার্গ, ত্রিবিধ উভয় ব্যঞ্জনের ৯ মার্গ, ত্রিবিধ পুরুষের ছয় মার্গ, ত্রিবিধ পণ্ডকের ছয় মার্গ, মোট এই ত্রিংশতি মার্গ বলিয়া জানিবে।

---

* পরিবা।

## প্রথম পারাজিকা প্রাপ্তোপযোগী বস্তু

'অপদানং অহিমচ্ছা, দ্বিপদানঞ্চ কুক্কুটি,
চতুপ্পদানঞ্চ মজ্জার বত্থু পারাজিকস্সিমে।' *

অন্ততঃ পদহীনের মধ্যে সর্প ও মৎস্য, দ্বিপদীর মধ্যে কুক্কুটি চতুষ্পদীর মধ্যে বিড়ালী, প্রথম পারাজিকা প্রাপ্ত হইবার বস্তু বলিয়া জানিবে। ইহাদের চেয়ে বড় প্রাণীর কথাই নাই।

### শরন

আত্মত্যাগ শরন, তৎপরায়ন শরন, শিষ্যভাব প্রাপ্তি শরন এবং প্রানিপাত শরন ভেদে শরন এই চারিপ্রকার।

আত্মত্যাগ শরন—অজ্জাদিংকত্বা অহং অত্তানং বুদ্ধস্স নিয়্যাদেমি, অজ্জাদিং কত্বা অহং অত্তানং ধম্মস্স নিয়্যাদেমি, অজ্জাদিং কত্বা অহং অত্তানং সংঘস্স নিয়্যাদেমি' *—অদ্য হইতে এই শরীর বুদ্ধ, ধর্ম্ম, সংঘকে অর্পন করিতেছি। এরূপ বলিয়া যেই শরন গ্রহণ করা হয় তাহাকে আত্মত্যাগ শরন কহে। মহারাজ অজাত শত্রু এই শরন গ্রহণ করিয়াছিলেন।

তৎপরায়ন শরন—'অজ্জাদিং কত্বা অহং বুদ্ধস্স পরায়নোতি

* পরিবা।

মং ধরেথ, অজ্জাদিং কত্বা অহং ধম্মস্স পরায়োনতি মং ধরেথ, অজ্জাদিং কত্বা অহং সংঘস্স পরায়নোতি মং ধরেথ' *—অদ্য হইতে আমি বুদ্ধ ধম্ম এবং সংঘে অনুরক্ত বলিয়া আমাকে মনে করুন। এইরূপ বলিয়া যেই শরন গ্রহণ করা হয় তাহাকে তৎপরায়ন শরন কহে। আলবক যক্ষ এই শরন গ্রহণ করিয়াছিলেন।

শিষ্যভাব প্রাপ্তি শরন—অজ্জাদিং কত্বা অহং বুদ্ধস্স অন্তে-বাসিকোতি মং ধরেথ, অজ্জাদিং কত্বা অহং ধম্মস্স অন্তে বাসেকোতি মং ধরেথ, 'অজ্জাদিং কত্বা অহং সংঘস্স অন্তে বাসিকোতি মং ধরেথ' *—অদ্য হইতে আমি বুদ্ধ, ধর্ম্ম এবং সংঘের অন্তেবাসি (শিষ্য) বলিয়া মনে করুন। এইরূপ বলিয়া যেই শরন গ্রহণ করা হয় তাহাকে শিষ্য ভাব প্রাপ্তি শরন কহে। মহাকশ্যপ স্থবির এই শরন গ্রহণ করিয়াছিলেন।

প্রনিপাত শরন— 'অজ্জাদিং কত্বা অভিবাদানং পচ্চুপ-ট্ঠানং অঞ্জলী কম্মং সামীচি কম্মং বুদ্ধাদীনং যেব তিন্নং বত্থুনং করোমীতি মং ধরেথ' *—অদ্য হইতে আমি বুদ্ধাদি রত্ন ত্রয়েরই বন্দনা অভ্যর্থনা অঞ্জলী কর্ম্ম এবং সম্মান করিতেছি বলিয়া মনে করুন। এইরূপ বলিয়া যেই শরন গ্রহণ করা হয় তাহাকে প্রনিপাত শরন কহে। ব্রহ্মায়ু ব্রাহ্মণ এই শরন গ্রহণ করিয়াছিলেন।

---

* পরিবা, * পরিবা।

শরনদান বিধি—'সামনের পব্বজ্জায় পন উভতো সুদ্ধিয়া বট্টাতি নো একতো সুদ্ধিয়া' * শ্রামনেরের প্রব্রজ্যায় সময় গুরু শিষ্য উভয়ের উচ্চারন শুদ্ধ হওয়া চাই। নচেৎ শরন দান কিংবা গ্রহণ ঠিক হয় না। পব্বজ্জায় পন ইমানি তীনি সরনানি বুকার মকরাদীনং ব্যঞ্জনানং ঠান করম সম্পদং অহাপেন্তেন আচারিয়েন পি অন্তেবাসিকেন পি বত্তব্বানি' * —প্রব্রজ্যার সময় এই ত্রিশরন বুকার মকার আদি ব্যঞ্জন বর্ণের স্থান করন সম্পদ হ্রাস না করিয়া আচার্য এবং শিষ্য কর্তৃক বলিতে হইবে।

'ইমানি পন দদমানেন বুদ্ধং সরনং গচ্ছামীতি এবং একসম্বন্ধানি অনুমাসিকন্তানি বা কত্বা দাতব্বানি। বুদ্ধম্, সরনম্, গচ্ছামীতি এবং বিচ্ছিন্দিত্বা মকাবন্তানি বা কত্বা দাতব্বানি' *—ত্রিশরন অনুস্বারান্ত করিয়া দিলে পদচ্ছেদ করিয়া দিবে না। মকারন্ত করিয়া দিলে পদবিচ্ছেদ করিয়া দিবে।

'কেসচ্ছেদন কাসায়চ্ছাদন সরন দানন্তি ইমানি তীনি করোন্তে পব্বজ্জেমীতি বুচ্চতি' *—কেশচ্ছেদন, চীবর ধারন, ত্রিশরন দান আদি এই ত্রিবিধ অঙ্গ সম্পূর্ণ হইলে শ্রামনেরত্ব প্রাপ্ত হয়।

---

* কঙ্খাবিতরনী।

'সীমা ঞত্তি কম্মবাচং বত্থু সম্পত্তি পরিসং পঞ্চঙ্গেহিসমন্না-গতো পঞ্চঙ্গোতি বুচ্চতি' *—সীমা, জ্ঞাপ্তি, কর্ম্ম বাক্য, বস্তু ( পুদ্গল ) এবং পরিষদ প্রভৃতি পঞ্চসম্পত্তি পূর্ণ হইলে পঞ্চাঙ্গ বলিয়া কথিত হয়।

উপসম্পদা কর্ম্মে বস্তু বিপত্তি প্রাপ্ত ব্যক্তি ত্রয়োদশ জন এই বিংশতি বৎসর অপ্রাপ্ত ব্যক্তি, পারাজিকা প্রাপ্ত ব্যক্তি, পণ্ডক চৌর্য্য সংবাসক, তির্থীয় প্রস্থানক, তির্য্যগ, মাতৃঘাতী, পিতৃঘাতী, অরহন্ত ঘাতী, ভিক্ষুনী দুষক, সংঘ ভেদক, লোহি-তোৎপাদকারী এবং উভয় ব্যঞ্জনক।

তদ্ধেতু কঙ্খাবিতরনীতে উক্ত হইয়াছে—ইতি ইমে তেরস পুপ্‌গল উপসম্পদায় অবত্থুকা ইমে পন ঠপেত্বা অঞ্ঞস্মিং উপ-সম্পদা পেকেখ সতি উপসম্পদা কম্মং বত্থু সম্পত্তি বসেন অকুপ্পং হোতি' —উপসম্পদা প্রাপ্ত হইবার অযোগ্য উক্ত তেরজন ব্যক্তি ব্যতীত উপসম্পদাকামী অন্য ব্যক্তি থাকিলে উপসম্পদা কর্ম্ম বস্তু পূর্ণ হওয়ায় নষ্ট হয় না।

## উপাধ্যায় হইবার যোগ্য ব্যক্তি

'পঞ্চহি ভিক্‌খবে অঙ্গেহি সমন্নগতেন ভিক্‌খুনা উপসম্প-

* পারাজিকা।

দেতব্বং, নিস্সয়ো দাতব্বো, সামনেরো উপট্‌ঠপেতব্বো, আপত্তিং জানতি, অনাপত্তিং জানতি, লহুকং আপত্তিং জানতি, গরুকং আপত্তিং জানতি, দসবস্সো বা হোতি, অতিরেক দস-বস্সো বা হোতি, ইমেহি খো ভিক্‌খবে পঞ্চঙ্গেহি সমন্নগতেন ভিক্‌খুনা উপসম্পদেতব্‌বং, নিস্সয়ো দাতবে্‌বা, সামনেরো উপট্‌ঠপেতবে্‌বা' *—হে ভিক্ষুগণ পঞ্চাঙ্গ সম্পন্ন ভিক্ষু স্বয়ং উপাধ্যায় হইয়া অন্যকে উপসম্পদা প্রদান করিতে পারে, আশ্রয় দিতে পারে এবং শ্রামনেরর সেবা গ্রহণ করিতে পারে। যে ভিক্ষু আপত্তি, অনাপত্তি, লঘু আপত্তি, গুরু আপত্তি জানে, দশ বর্ষ বা অতিরিক্ত দশবর্ষ হইয়াছে, সেই পঞ্চাঙ্গ সম্পন্ন ভিক্ষুই উপধ্যায় হইয়া উপসম্পদা প্রদান করিতে পারে। আশ্রয় দিতে পারে এবং শ্রামনেরের সেবা গ্রহণ করিতে পারে।

## উপাধ্যায় হইবার অযোগ্য ব্যক্তি

'পঞ্চহি ভিক্‌খবে অঙ্গেহি সমন্নগতেন ভিক্‌খুনা ন উপস-ম্পদেব্‌বং ন নিস্সয়ো দাতবে্‌বা ন সামনেরো উপট্‌ঠপে-তবে্‌বা, আপত্তিং ন জানতি, অনাপত্তিং ন জানতি, লহুকং আপত্তিং ন জানতি, গরুকং আপত্তিং ন জানতি ন দসবস্সো বা হোতি। ইমেহি খো ভিক্‌খবে পঞ্চঙ্গেহি সমন্নগতেন ভিক্‌খুনা ন উপসম্পদেতব্‌বং ন সিস্সয়ো দাতাবে্‌বা ন সামনেরো

* পারাজিকা, * পারাজিকা, * পারাজিকা, * পারাজিকা।

উপট্ঠপেতবে্বা' *—হে ভিক্ষুগণ পঞ্চাঙ্গ সম্পন্ন ভিক্ষু স্বয়ং উপাধ্যায় হইয়া অন্যকে উপসম্পদা কিম্বা আশ্রয় দিতে পারে না, শ্রামনেরের সেবা গ্রহণ করিতে পারে না, যে ভিক্ষু আপত্তি, অনাপত্তি, লঘু আপত্তি, গুরু আপত্তি জানে না এবং দশবর্ষ হয় নাই। এই পঞ্চাঙ্গ সম্পন্ন ভিক্ষু স্বয়ং উপাধ্যায় হইয়া অন্যকে উপসম্পদা প্রদান কিংবা আশ্রয় দিতে পারে না এবং শ্রামনেরের সেবা গ্রহণ করিতে পারে না।

## আশ্রয় ব্যতীত বাস করিবার যোগ্য ব্যক্তি

'পঞ্চাহুপালি অঙ্গেহি সমন্নগতেন ভিক্খুনা যাবজীবং অনিস্সিতেন বত্তব্বং। কতমেহি পঞ্চহি' উপোসথং জানতি উপোসথ কম্মং জানতি পাতিমোক্খং জানতি পাতিমোক্খুদ্দেসং জানতি পঞ্চবস্সো বা হোতি অতিরেক পঞ্চবস্সো বা ইমেহি উপালি পঞ্চঙ্গেহি সমন্নাগতেন ভিক্খুনা যাবজীবং আনস্সিতেন বত্তব্বং' *—হে উপালি, যেই ভিক্ষু উপোসথ জানে, উপোসথ কর্ম্ম জানে, প্রাতিমোক্ষ জানে, প্রাতিমোক্খুদ্দেশ জানে পঞ্চবর্ষ বা অতিরিক্ত পঞ্চবর্ষ হইয়াছে। সেই পঞ্চাঙ্গ সম্পন্ন ভিক্ষু যাবজ্জীবন অপরের আশ্রয় ব্যতীত বাস করিতে পারে।

## আশ্রয় ব্যতীত বাস করিবার অযোগ্য ব্যক্তি

'পঞ্চাহুপালি অঙ্গেহি সমন্নগতেন ভিক্খুনা যাবজীবং ন

অনিমিস্সেতেন বত্তব্বং, কতমেহি পঞ্চহি ? উপোসথং ন জানতি, উপোসথং কম্মং ন জানতি পাতিমোক্খং ন জানতি পাতি-মোকখুদ্দেসং ন জানতি পঞ্চবস্সো বা ন হোতি। ইমেহি খো উপালি পঞ্চহঙ্গেহি সমন্নগতেন ভিক্খুনা যাবজীবং ন অনিস্সিতে বত্তব্বং' —হে উপালি, যেই ভিক্ষু উপোসথ জানে না, উপোসথ কর্ম্ম জানে না, প্রাতিমোক্ষ জানে না, প্রাতিমোক্ষোদ্দেশ জানে না এবং পঞ্চ বর্ষও হয় নাই, সেই পঞ্চাঙ্গ সম্পন্ন ভিক্ষু পরের আশ্রয় ব্যতীত যাবজ্জীবন বাস করিতে পারে না।

## পারাজিকা

'সমোধানেত্বা পন সব্বনেব চতুবীসতি পারাজিকানি বেদিতব্বানি কতমানি চতুবীসতি পালিয়ং আগতানি তাব ভিক্খুনং চত্তারি ভিক্খুনীনং অসাধারনানি চত্তারিতি অট্ঠ, তানি একাদসন্নং পণ্ডকাদীনং অভব্বভাব সঙ্খাতেহি পারা-জিকেহি—সদ্ধিং একুন বীসতি, গীহিভাবং পথায়মানায় ভিক্খু-নীয়া বিব্ভন্তাভাব পারাজিকেন সদ্ধিং বীসতি অপরানি পি লম্বি মুদুপিট্ঠিকো পরস্স অঙ্গজাতং মুখেন গনহতি পরস্স অঙ্গজাতে অভিনিসীদতি ইমেসং চতুন্নং চ বসেন চত্তারি অনু-লোম পারাজিকানীতি বদন্তি ইতি ইমানি চ চত্তারি পুরিমানি চ বীসতীতি সমোধানেত্বা সব্বনেব চতুবীসতি পারাজিকানি

বেদিতব্বানি' *—ভিক্ষুদের জন্য প্রজ্ঞাপ্ত মেথুন পারাজিকা, আদিন্ন দান পারাজিকা, মনুস্স বিগ্গাহ পারাজিকা এবং উত্তরি মনুস্স ধম্ম পারাজিকা, প্রভৃতি চারিটি। ভিক্ষুনীদের জন্য প্রজ্ঞাপ্ত উব্ভজানুমণ্ডলিক পারাজিকা, বজ্জপটিচ্ছদিক পারাজিকা উকি্খত্তনুবত্তক পারাজিকা এবং অট্ঠবত্থুক পারাজিকা প্রভৃতি চারিটি। পণ্ডক প্রভৃতি অযোগ্য পুদ্গল একাদশ জন, গৃহি-নীত্ব প্রার্থনাকারী ভিক্ষুনীসহ একবিংশতি জন, দীর্ঘ লিঙ্গযুক্ত ব্যক্তি, কোমল মেরুদণ্ড বিশিষ্ট ব্যক্তি অন্যের লিঙ্গ মুখে গ্রহণ কারী ব্যক্তি এবং অন্যের লিঙ্গে উপবেশনকারী ব্যক্তি, আদি চতুবিংশতি বলিয়া জানিবে। এই চতুর্ব্বিংশতি জন ভিক্ষু হইতে পারিবে না। এই হেতু তাহারা পরাজিত বা পারাজিকা প্রাপ্ত।

## অযোগ্য ব্যক্তি

পণ্ডক, উভয় ব্যঞ্জনক, চৌর্য্য সংবাসক, তির্থীয় প্রস্থানক, তির্য্যগ, মাতৃঘাতী, পিতৃঘাতী, অরহন্ত ঘাতী, বক্তোৎপাদক, ভিক্ষুনী দূষক এবং সংঘভেদক প্রভৃতি অযোগ্য ব্যক্তি এই একাদশ জন।

'অভব্ব পুগ্গলেসু পণ্ডক উভতো ব্যঞ্জন তিরচ্ছান গতানং তিন্ন অহেতুক বত্থু বিপ্পন্নতা পব্বজ্জামত্তং পি নত্থি। মগ্গোপি বারিতো সগ্গো পন অবারিতো। সেসানং অট্ঠন্নং অত্তনো ফিরিয়ায়পি বিপ্পন্নত্তা পব্বজ্জমত্তম্পি নত্থি। তেসু তিন্নং থেয্য-

সংবাসক তিত্থিয় পক্কন্তক ভিক্খুনী দুসকানং মগ্‌গো বারিতো মগ্‌গো পন অবরিতো। ইতরেসং পঞ্চন্নং উভয় বারিতো। তস্মা ইমে একাদশ পুগ্‌গল অভব্ব পারাজিকা নাম হোন্তি' *—উক্ত একাদশ প্রকার অযোগ্য ব্যক্তির মধ্যে পণ্ডক, উভয় ব্যঞ্জনকং এবং তির্য্যগ অহেতুক প্রতিসন্ধি হেতু বস্তু বিপন্ন বলিযা তাহারা প্রব্রজ্যা এবং মার্গফল লাভ করিতে পারে না। স্বর্গ লাভ করিতে পারে। অবশিষ্ট আটজন তাহারা নিজের কার্য্য দ্বারা বিপন্ন বলিয়া প্রব্রজ্যা লাভ করিতে পারে না। তাহাদের মধ্যেও চৌর্য্য সংবাসক, তির্থীয় প্রস্থানক এবং ভিক্ষুনী দূষক তিনজনের মার্গ ফল নিবারিত হইয়াছে, স্বর্গ নিবারিত হয় নাই। অবশিষ্ট পাঁচ জনের মার্গ এবং স্বর্গ উভয়ই নিবারিত হইয়াছে। তদ্ধেতু এই একাদশ জন অযোগ্য পারাজিকা প্রাপ্ত বলিয়া কথিত হয়।

## চতুর্ব্বিধ পারাজিকার অঙ্গ

"অঙ্গানি পন সেবনচিত্তং মগ্‌গেমগ্‌গ পবেসনন্তি ইমানেত্থ দুবঙ্গিকা" *—মৈথুন সেবন করিবার ইচ্ছা এবং এক মার্গে অন্য মার্গের প্রবেশ, মৈথুন পারাজিকার অঙ্গ এই দুইটি।

'অঙ্গানি পন মনুস্স ধনং মনুস্সধনসঞ্ঞী পাদো চ বত্থু থেয়্যচিত্তঞ্চ অবহারোতি ইমানেত্থ পঞ্চঙ্গিকা' *—পরাধিকার ভূক্ত বস্তু, পরাধিকারভুক্ত বলিয়া জ্ঞান, তৎমূল্য অন্ততঃ তিন টাকা

বার আনা হওয়া, চৌর্য্য চেতনা এবং বস্তুর অপহরণ। অদিন্ন-দান পারাজিকার অঙ্গ এই পাঁচটি।

'অঙ্গানি পন মনুস্সাপানো মনুস্স পান সঞ্ঞিজাত মরনাধিপ্পায় চিত্তং অত্ত্ৰপক্কমো তেন উপক্কমেন মরনন্তি ইমানেত্থ পঞ্চঙ্গিকা' *—মনুষ্যের প্রাণ, মনুষ্যের প্রাণ বলিয়া জ্ঞান, হত্যা করিবার চেতনা, উদ্বেগ, সেই উদ্বেগ হেতু মৃত্যু, মনুস্স বিগ্গহ পারাজিকার অঙ্গ এই পাঁচটি।

'অঙ্গানি পন অত্তন অসন্তং কানাছি ভেদং পাপকেন ইচ্ছা পকতেন আরোচনং মনুস্স জাতিয়া মানং পরেসঞ্চ বিনা আরোচন অধিমানঞ্চ তং খনেব জাননন্তি ইমানেত্থ পঞ্চঙ্গিকা' *—ধ্যান মার্গ ফলাদি স্বয়ং লাভ না করিয়া পাপেচ্ছাবশে লাভ করিয়াছি বলিয়া প্রকাশ করা, মনুষ্যকে বলা, শ্রবনকারী অন্যকে উদ্দেশ্য করিয়া বলা, অপ্রাপ্তে প্রাপ্ত জ্ঞান ব্যতীত বলা এবং যাহাকে বলে সে তম্মুহুর্ত্তে জ্ঞাত হওয়া। উত্তরি মনুস্স ধম্ম পারাজিকার অঙ্গ এই পাঁচটি।

---

সদ্ধম্ম ঠিতত্থং যঞ্চ ইমং সঙ্গহতা ময়া পুঞ্ঞং
পত্তং তেন সমত্তং পাপুনাতু সদেবকো লোকে,
সুচিরং তিট্ঠতু ধম্মো ধম্মভিরতো সদা ভবতুলোকো
নিচ্চং খেম সুভিক্খাদি সম্পদা জনপদা হোন্তুতি।

**সমাপ্ত**

With bad advisors forever left behind,
From paths of evil he departs for eternity,
Soon to see the Buddha of Limitless Light
And perfect Samantabhadra's Supreme Vows.

The supreme and endless blessings
of Samantabhadra's deeds,
I now universally transfer.
May every living being, drowning and adrift,
Soon return to the Pure Land of Limitless Light!

**✻ The Vows of Samantabhadra ✻**

I vow that when my life approaches its end,
All obstructions will be swept away;
I will see Amitabha Buddha,
And be born in His Western Pure Land of
Ultimate Bliss and Peace.

When reborn in the Western Pure Land,
I will perfect and completely fulfill
Without exception these Great Vows,
To delight and benefit all beings.

**✻ The Vows of Samantabhadra Avatamsaka Sutra ✻**

*“Wherever the Buddha’s teachings have flourished,*

*either in cities or countrysides,*

*people would gain inconceivable benefits.*

*The land and pepole would be enveloped in peace.*

*The sun and moon will shine clear and bright.*

*Wind and rain would appear accordingly,*

*and there will be no disasters.*

*Nations would be prosperous*

*and there would be no use for soldiers or weapons.*

*People would abide by morality and accord with laws.*

*They would be courteous and humble,*

*and everyone would be content without injustices.*

*There would be no thefts or violence.*

*The strong would not dominate the weak*

*and everyone would get their fair share.”*

~THE BUDDHA SPEAKS OF
THE INFINITE LIFE SUTRA OF
ADORNMENT, PURITY, EQUALITY
AND ENLIGHTENMENT OF
THE MAHAYANA SCHOOL~

# DEDICATION OF MERIT

May the merit and virtue
accrued from this work
adorn Amitabha Buddha's Pure Land,
repay the four great kindnesses above,
and relieve the suffering of
those on the three paths below.

May those who see or hear of these efforts
generate Bodhi-mind,
spend their lives devoted to the Buddha Dharma,
and finally be reborn together in
the Land of Ultimate Bliss.
Homage to Amita Buddha!

## NAMO AMITABHA
## 南無阿彌陀佛

【孟加拉文：THREE RATNA VANDANA,南傳禮讚三寶課誦本】

財團法人佛陀教育基金會　印贈
台北市杭州南路一段五十五號十一樓

Printed and donated for free distribution by
**The Corporate Body of the Buddha Educational Foundation**
11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.
Tel: 886-2-23951198 , Fax: 886-2-23913415
Email: overseas@budaedu.org
Website:http://www.budaedu.org

**This book is strictly for free distribution, it is not for sale.**
**এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।**

Printed in Taiwan
2,000 copies; March 2011
BA012-9226